আবদুস শহীদ নাসিম

মুসলিম সমাজে প্রচলিত

202 व

মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

আবদুস শহীদ নাসিম

এই বইটি কেন? কাদের জন্যে?

এ বইটি মুমিনদের জন্যে। যারা এক লা-শারিক আল্লাহ্র প্রতি ঈমান রাখেন তাদের জন্যে। যারা আখিরাতের জীবনের প্রতি ঈমান রাখেন, মুহাম্মদ রস্লুল্লাহ সা.- কে সর্বশেষ নবী মানেন এবং আল কুরআনকে আল্লাহ্র কিতাব হিসেবে জানেন এবং অবশ্য পালনীয় মনে করেন- এ বই তাদের জন্যে। যারা মুসলিম হিসেবে জীবন যাপন করতে চান এ বই তাদের জন্যে।

কারণ, তারা হবে ইসলামের নিখাদ অনুগামী। তারা হবে নির্ভেজাল তাওহীদে বিশ্বাসী, পদে পদে মুহাম্মদ রস্লুল্লাহ্র পদাংক অনুসারী আর কুরআন সুন্নাহ্র অনাবিল জ্ঞানের অধিকারী।

কারণ, মুসলিম সমাজে বিরাজ করছে দীন-ধর্ম, ইবাদত বন্দেগি, সওয়াব নেকী, ফায়দা ফযিলত, মুক্তি মাগফেরাত, উসিলা নাজাত ইত্যাদির নামে শিরক বিদআত, কুফরি জাহেলিয়াত, অজ্ঞতা অন্ধতা আর পরানুগামী প্রথা পার্বন, রসম-রেওয়াজ।

এসবই যেনো দুধে চনা, ভাতে কণা। শীষে চিটা, নৌকায় ছিদ্র। শ'তে বিশ, ঘৃতে গরল।

মুমিনদের চলার পথ অনাবিল ইসলাম। আর আবিলতা মুক্ত হবার জন্যে চাই সচেতনতা। সেই অদম্য আকাংখার ফসলই এ বই।

প্রতি মাসের তৃতীয় শুক্রবার সকালে আমরা ইস্কাটনস্থ বিয়াম অভিটরিয়ামে কুরআন সুন্নাহ্র আলোকে বিষয় ভিত্তিক যে আলোচনা পেশ করি, এ বই মূলত তারই ৩৬ এবং ৩৭তম আলোচনা।

বইয়ের শিরনামে '১০১ ভুল' কথাটি রয়েছে। এর অর্থ এই নয় যে, গুলে গুলে ১০১টি ভুল এখানে উল্লেখ করা হয়েছে। বরং বাংলা বাকরীতি ও বাক্ধারা অনুযায়ী ১০১ মানে- অনেক। 'অনেক অর্থেই' এখানে ১০১ সংখ্যাটি ব্যবহার করা হয়েছে।

সমাজে যতো ভুল বিরাজ করছে তার সবই এ বইতে উল্লেখ হয়নি। সম্মানিত পাঠকগণ আরো যেসব ভুল এই বইতে উল্লেখ হয়নি মনে করবেন, লিখিত জানালে আমরা পরবর্তী মুদ্রণে সেগুলো সংযোজন করবো ইনশালাহ।

এ বইতে যেসব ভূল আলোচিত হয়েছে, কেউ যদি তার কোনোটিকে ভূল নয় মনে করেন, তবে কুরআন এবং সহীহ হাদিসের ভিত্তিতে খন্ডণ করে জানালে আমরা তা সংশোধন করে নেবো ইনশাল্লাহ।

বইটি আমাদের সমাজকে কিছুটাও যদি সচেতন করে, তবেই সার্থক হবে লেখকের প্রচেষ্টা।

আবদুস শহীদ নাসিম জুন ২০১০ ঈসায়ী

সূচিপত্ৰ

विषर		পৃষ্ঠা
ভুলের প্রবেশ হার, ভুলের লালন ও ইসলাম		8
١.	মুসলিম সমাজে ইসলাম ও জাহেলিয়াতের অবস্থান	do
2.	ইসলামের পথ আলাদা জাহিলিয়াতের পথ আলাদা	77
0.	ইসলামের ভিত্তি বিধান ও মডেল	25
8.	ইসলামের দৃষ্টিতে জাহিলিয়াত ও জাহিলিয়াতের বৈশিষ্ট্য	25
	ইসলামের পথ জাহিলিয়াতের পথ থেকে সম্পূর্ণ পবিত্র	25
& .	হালাল এবং হারাম সুস্পষ্ট, মাঝখানে সন্দেহজনক বিষয়সমূহ	28
9.	শিরক এবং বিদ'আত	78
প্রচি	গত ১০১ ভুল	১৬
ঈমা	ন-আকিদাগত ভ্ৰান্তি সমূহ	36
	কবর কেন্দ্রিক মসজিদ তৈরি	26
02.	কবর পাকা করা, গম্বজ বানানো, কবরে উরস, ইসালে সওয়াব	20
	মাযারের নামে মান্নত করা, মৃত ব্যক্তিদের কাছে প্রার্থনা করা	29
	কবরকে মাযার বলা	29
00.	বিশেষ বিশেষ ব্যক্তিদের 'অলি আল্লাহ' বলা	24
	কাশ্ফ এবং ইলহামের মাধ্যমে নির্দেশ লাভ	58
09.	স্বপ্নে নির্দেশ লাভ	58
ob.	পীরের অন্ধ অনুকরণ	20
08.	উসিলা ধরে দোয়া করা	20
30.	জীবিত ও মৃত ব্যক্তিদের উসিলা বানানো	23
	অলি আল্লাহরা কবরে জীবিত, তাদের খুশি করা	20
	দীনদারি ও বুযুর্গি প্রদর্শনের জন্যে খেতাব গ্রহণ	28
30.	কাউকেও গাউসুল আযম বলা, আবদুল কাদের	20
	জিলানির নামে অলৌকিক কর্মকাণ্ডের মিথ্যা প্রচার	
١8.	শাফায়াতের অলিক আশা	26
Se.	অলি আল্লাহদের কেরামতি	28
	দরগাহ, মাযার, শরিফ এবং দরগাহ ও মাযারের প্রতিসম্মান প্রদর্শন	28

19.	মৃতদের কাছে সন্তান প্রার্থনা, মুসিবত দূর করার প্রার্থনা করা	28
38.	মৃত ব্যক্তিদের জন্যে দাঁড়িয়ে নিরবতা পালন করা	28
19.	নবী নূরের তৈরি, তাঁকে সৃষ্টি করা না হলে জগত সৃষ্টি করা	28
	হতো না, সর্বপ্রথম মুহাম্মদ সাএর নূর সৃষ্টি করা হয়েছে	
20.	রসূল সা. ভূমিষ্ট হবার সময় বিবি আছিয়া ও মরিয়মের উপস্থিতি	90
23.	নবী ও অলিগণ গায়েব জানেন	90
22.	পৃথিবীকে বিশ্ব ব্ৰহ্মাণ্ড বলা	02
20.	আল্লাহ রসূলের দোয়ায় ভালো আছি বলা	02
₹8.	পীরকে সাজদা করা, পীরের পায়ে চমু খাওয়া	02
20.		७२
ર હ.	লেংগটা পীরের মাজেযা	99
29.	কবর যিয়ারতের উদ্দেশ্যে সফর করা	99
28.		98
28.	নবীর কবরে সালাম দেয়ার উদ্দেশ্যে মদিনায় যাওয়া	98
90.	কিছু লোকের কাছে গায়েবি ইল্ম থাকার প্রচার	98
03.	ঈসা আ. কি কুশবিদ্ধ হয়ে মারা গিয়েছিলেন?	98
७२.	মিলাদ মাহফিলে রসূল সাএর উপস্থিত হওয়া	90
00.	কবরে বাতি দেয়া	90
98.	কবরের মাটি গায়ে মাখা	30
	কবর তাওয়াফ করা	30
96.	কবরের দিকে মুখ করে নামায পড়া	30
09.	আল্লাহ ছাড়া আর কারো উপাসনা অর্চনা করা	96
90.	অলি বুযুর্গ ও মাযারের নামে পশু মান্নত ও কুরবানি	96
৩৯.	আল্লাহ্র আইনের বিপরীত আইন প্রণয়ন ও পালন	৩৬
80.	কাউকেও আল্লাহ্র চাইতে বেশি ভালোবাসা	৩৬
85.	আল্লাহ কারো কথা ওনতে বাধ্য এ ধারণা পোষণ করা	৩৬ .
82.	গণকগিরি	৩৬
কুর্ত	গান সংক্ৰান্ত ভ্ৰান্তি	৩৬
80.	একজন হাফেয দশজনের জন্যে শাফায়াত করবে	৩৬
	না বুঝে কুরআন পড়া, শবিনা পড়া	৩৬
80.	আল কুরআন : সওয়াব হাসিল ও সম্মান প্রদর্শনের পদ্ধতি	७१

Q.L	কুরআনের অর্থ ও তফসির পড়তে নিষেধ কর	rt	৩৮
	কুরআন লিখে তাবিজ বানানো	11	৩৮
	কুরআন শরিফের শুরুর দিকে তাবিজ ছাপানে	π'	৩৮
	কুরআন তিলাওয়াত ও স্পর্শের জন্যে অযু ও		
	মৃত ব্যক্তির কবরের পাশে কুরআন তিলাওয়া		৩৯
	কুরআন খতম করা, শবিনা খতম করা	0 441	80
Cs.	पूत्रजान रच्य क्या, नार्या रच्य क्या		80
जार	হলি ধ্যান ধারণা		80
¢2.	খতমে ইউনুস ও খতমে তাহলীল		80
00.	মুসলমানরা বেহেশতে যাবে		85
₹8.	সিহাহ সিত্তায় উল্লেখ আছে তাই সহীহ		83
cc.	যাহেরি ইলম, বাতেনি ইলম, রহানি ইলম		82
	১৩০ ফর্য		80
69.	জন্ম বার্ষিকী ও মৃত্যুবার্ষিকী পালন করা		80
ev.			88
65.	শবে বরাত		88
GO.	মিলাদ		80
65.	তাবিজ তুমার		80
e2.	পীর মুরিদী		80
	গদ্দীনশীন পীর হওয়া		85
48.	পীরের হাতে বায়াত হওয়া		85
	কবরকে রওজা বলা		89
৬৬.	নবী সা. কে স্বপ্নে দেখা		89
	আলেম উলামা ডেকে দোয়া করানো। ফাতে	হা খানি	89
	কুলখানি, চারদিনা, চল্লিশা		
40			88
පත.	100		88
90.	শরিয়ত তরিকত মারেফাত		88
93.	ইল্মে তাসাউফ		88
	ইসলামে রাজনীতি নেই বলে প্রচার করা		60
	টাখনুর নিচে পোশাক পরা		00
98.	- 6 6		es
100	And the state of t		4.0

90.	মহররমের তাজিয়া - মর্সিয়া	62
93.	নিজ পিতা ছাড়া অন্য কাউকেও পিতা বলা	67
99.	মুখ ডাকা কন্যাকে বিয়ে করা নিষেধ মনে করা	62
96.	यानू टोना, वानटोना	62
98.	মেয়েদের মসজিদে যেতে নিষেধ করা	62
bo.	আল্লাহ ছাড়া আর কারো নামে শপথ করা	62
63.	কোনো বিশেষ লেবাসকে সুন্নতি লেবাস বলা	62
82.	তধু 'আল্লাহ আল্লাহ' ও 'ইল্লাল্লাহ ইল্লাল্লাহ' যিকির করা	67
৮৩.	নেচে নেচে ও সরবে যিকির করা	63
b8.	রস্লের অভ্যাসকে সুন্নত বলা	62
४0.	অর্থহীন নাম রাখা	62
64.	অপরের কাছে তাওবা পড়া	62
69.	রক্ত সম্পর্ক ছিন্ন করা	62
বিয়ে	শাদী দাম্পত্য জীবনে শ্রান্তি	es
bb .	গায়ে হলুদ অনুষ্ঠানে ছেলেমেয়েদের একত্র আনন্দ ফুর্তি	63
	পরিশোধ না করার উদ্দেশ্যে বড় অংকের মোহরানা ধার্য করা	62
80.	বিয়ের উপহারকে মোহরানা উসুল দেখানো	02
25.	বিয়ের আগেই বর কণের অবাধ মেলামেশা	60
32.	পাত্রের পুরুষ আত্মীয়-স্বজন কর্তৃক পাত্রী দেখা	60
৯৩.	তিন তালাক এবং একত্রে তিন তালাক	60
৯8.	दिन्ना विरस	68
केंद्र.	মেয়েদেরকে পিতার ওয়ারিশি না দেয়া এবং তাদের না নেয়া	68
৯৬.	মৃত স্বামীর এবং মৃত স্ত্রীর মুখ না দেখা	20
৯٩.	ন্ত্রী বা স্বামী কর্তৃক মৃত স্বামী বা স্ত্রীকে গোসল না করানো	66
br.	স্বামীর নাম না নেয়া	69
৯৯.	রান্নার পর না খেয়ে প্রথা অনুযায়ী স্বামীর জন্যে অপেক্ষা করা	69
সাল	াত সংক্রান্ত ভ্রান্তি	æ9
300.	নামাযের নিয়্যত পাঠ করা	69
	মোজা পরা থাকলেও অযুতে মাসেহ না করে মোজা খুলে পা ধোয়া	Cr
	ফর্বয নামাযের সালাম ফেরানোর পর মুক্তাদিদের নিয়ে মুনাজাত করা	Q4

200.	রফে ইয়াদাইনকে আহলে হাদিসের নিয়ম ব	না	63
\$08.	পুরুষ এবং মহিলাদের নামাযের পদ্ধতি আলাদা করা		50
30¢.	জামাত তরু হলে সুন্নত পড়া		63
306.	সফরের দূরত্ব নিয়ে বিবাদ		42
209.	সফরে দুই ওয়াক্ত নামায একত্রে না পড়া		49
30b.	বেশি সওয়াবের আশায় কোনো বিশেষ মসভি	হদে নামায পড়া	৬৩
308.	সুত্রত নামায সব সময় মসজিদে পড়া		40
330.	ইচ্ছাকৃত নামাযের জামাত ত্যাগ করা		60
222.	নামায তদ্ধ হওয়া নিয়ে সন্দেহে পড়ে থাকা	550 875	৬৩
225	ইমামের মুক্তাদিদের অবস্থা বিবেচনা না করা		৬৩
330.	নামাযে সুন্নত দোয়া সমূহ না করা		60
228.	নামাযে তাড়াহুড়া করা	A 12 to 810 Mpc.	40
336.	লোক দেখানোর জন্যে নামায পড়া	CONTRACTOR	40
33%.	নামায পড়তে আলসেমি করা		30
339.	নামাযের চাইতে দুনিয়াবি কাজকে প্রাধান্য দে	न्या	৬৩
প্রচি	ত অন্যান্য ভ্ৰান্তি সমূহ		৬৩
336.	আল্লাহকে খোদা, সালাতকে নামায, সিয়ামবে	ক রোযা বলা	40
229.	মুসলিম সমাজে অশ্লীলতা হুড়ানো		48
320.	ময়লা পোশাক পরা		48
323.	সুদী কারবার ও চাকুরি করা		48
١٩٩.	প্রতারণা মূলক ব্যবসা করা		68
১২৩.	নারী পুরুষ পরস্পরের পোশাক পরা		48

بِسْمِ اللَّهِ الرُّحْمُ لَنِ الرُّحِيمِ

মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

ভুলের প্রবেশ দ্বার, ভুলের লালন ও ইসলাম

১. মুসলিম সমাজে ইসলাম ও জাহিলিয়াতের অবস্থান

দক্ষিণ এশিয়ার মুসলিমদের মধ্যে সরাসরি ক্রআন সুন্নাহ অনুসরণের চাইতে পীর বুযুর্গ, অলি, দরবেশ এবং মযহাবি আলেম উলামাগণকে অনুসরণের প্রবণতা বেশি। এ প্রবণতা এ অঞ্চলে ইসলামের আগমণের সময় থেকেই লক্ষ্য করা যায়।

এর অনেকগুলো কারণ রয়েছে। কয়েকটি বড় বড় কারণ হলো:

- ১. এ অঞ্চলে ইসলাম প্রচারিত হয় ব্যবসায়ী, মুজাহিদ এবং ব্যক্তিগত দা'য়ীদের মাধ্যমে। তাঁরাই ছিলেন এদেশের লোকদের কাছে ইসলামের মডেল এবং ইসলামি জ্ঞানের সোর্স। ফলে কুরআন সুন্নাহর প্রত্যক্ষ জ্ঞানের অভাবে সর্বক্ষেত্রে লোকদের পক্ষে ইসলামের যথার্থ ও পূর্ণাঙ্গ (perfect) জ্ঞান লাভ করা সম্ভব হয়নি।
- ২. এসব প্রচারক ব্যক্তিগণ যিনি যে এলাকায় সেটেল হয়েছিলেন, সে এলাকায় তিনি ইসলামের কেন্দ্রে পরিণত হয়েছিলেন। তাঁর মাধ্যমে মূর্তি ও ব্যক্তি পূজারি ব্যক্তিগণ ইসলামে দীক্ষিত হবার কারণে তাঁর মৃত্যুর পর নব দীক্ষিত স্বল্প জ্ঞানী মুসলমানরা তাঁকে মহামানব ভাবতে থাকে এবং তাঁকে পূজনীয় ভাবতে থাকে।
- ৩. ইসলামের প্রকৃত জ্ঞানের অভাবে এসব মনীষীদের কবরকে কেন্দ্র করে একদল স্বার্থাম্বেষী লোকের আবির্ভাব ঘটে। তারা তাঁদের কবরের খাদেম বনে যায়, কবরকে মায়র বানিয়ে নেয়, কবর সাজ সজ্জা করতে থাকে এবং নিজেদের স্বার্থ হাসিলের জন্যে কবরের দিকে মানুষকে আকৃষ্ট ও আহ্বান করতে থাকে।
- -এভাবেই চালু হয় কবর কেন্দ্রিক শিরক ও বিদ'আতের সিলসিলা।
- কুরআন এবং সুন্নাহ হিদায়াতের মূল উৎস হিসেবে চালু না হওয়ায় বিকল্প হিসেবে যত্রতত্র, পাত্র অপাত্র নির্বিশেষে পীর মুরিদীর সিলসিলা চালু হয়। প্রথম প্রথম অনেক ক্ষেত্রেই এই সিলসিলা নেক নিয়াতে চালু হয়। কিন্তু পরবর্তীতে

- ১০ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল
- এই সিলসিলার মধ্যেও ব্যবসায়িক মনোভাব এবং স্বার্থ জড়িয়ে পড়ে। এর ফলে এখানে ঢুকে পড়ে-
- ক. গদ্দীনশীন হবার সিলসিলা,
- খ. খেলাফত আদান প্রদানের সিলসিলা.
- গ. কবর কেন্দ্রিক মাযার প্রতিষ্ঠার সিলসিলা,
- ঘ. পীরের পুত্রগণের সাহেবজাদা হবার বিশেষ মর্যাদা,
- ঙ. উরস আয়োজনের ব্যবস্থা,
- চ. মুরিদ ভাগাভাগির ব্যবস্থা,
- ছ, ব্যক্তি পূজার সিলসিলা।
- ৫. এ অঞ্চলে ইসলামের আগমণের পর নব দীক্ষিত মুসলমানগণকে কুরআন পাঠ, নামায রোযা শিক্ষা দান এবং মস্লা মাসায়েল অবহিত করার জন্যে প্রথমে মকতব এবং পরে মাদরাসা প্রতিষ্ঠার কাজ চালু হয়।

প্রায় সকল মকতব মাদরাসাই মাযহাবি মকতব মাদরাসা হিসেবে প্রতিষ্ঠিত হয়। এসব মকতব মাদারাসা থেকে ছাত্ররা-

- ক. কুরআন পাঠ, নামায পড়া এবং মসলা মাসায়েল শিখেন।
- খ. মাদরাসাগুলোর উপরের ক্লাসের দিকে হানাফি মযহাবের ফিকাহ পড়ানোকে প্রাধান্য দেয়া হয়।
- গ. বাংলাদেশ প্রতিষ্ঠিত হবার পূর্ব পর্যন্ত মাদরাসা গুলোতে মাতৃভাষার পরিবর্তে শিক্ষা দানের মাধ্যম ছিলো ফারসি এবং উর্দু। এখনো কণ্ডমি মাদারাসাগুলোতে উর্দু মাধ্যমেই শিক্ষা দেয়া হয়।

ফলে, মাদরাসাগুলো ইসলামের আলো জ্বালিয়ে রাখলেও শিরক, বিদ'আত এবং জমাট বাঁধা অজ্ঞতা, অন্ধতা ও জাহিলিয়াত দূর করার ক্ষেত্রে কাংখিত মানের সাফল্য অর্জন করতে পারেনি এবং পারছেনা।

৬. এ দেশে ইসলামের প্রসার ঘটে প্রধাণত মুসলিম শাসক, সেনাপতি ও দ্বিগ্বজয়ীগণের মাধ্যমে। পূর্ববর্তী শাসকদের অত্যাচার নিপীড়নে অতিষ্ঠ হয়ে এদেশের মানুষ মুসলিম শাসক ও সেনাপতিগণকে স্বাগত জানায় এবং দলে দলে সপরিবারে মুসলমান হয়ে যেতে থাকে।

এই লোকদের মধ্যে খুব কম লোকেরই ইসলামের যথার্থ শিক্ষা লাভ করার সুযোগ হয়। ফলে-

ক. এদের বিপুল সংখ্যার মধ্যে ইসলামের তেমন কোনো জ্ঞানই ছিলোনা।

- খ. জ্ঞানের অভাবে এ ধরণের লোকেরা ইসলামের কিছু আনুষ্ঠানিক বিধি বিধান পালন করলেও ইসলামের সামগ্রিক বিধান সঠিকভাবে পালন করা তাদের পক্ষে সম্ভব হতোনা। এ ধারা প্রজন্মের পর প্রজন্ম চলে আসছে।
- গ. এ অঞ্চলের লোকেরা ব্যাপকভাবে ইসলাম গ্রহণ করলেও তাদের পূর্ব পুরুষদের প্রথা, রসম রেওয়াজ এবং পূজা পার্বনের ধ্যান ধারণা তাদের মাথা থেকে ধুয়ে মুছে পরিষ্কার করে ফেলা সম্ভব হয়নি। এরও মূল কারণ ইসলামের যথার্থ জ্ঞানের স্বস্কৃতা।
- য় এ ধরণের জন্ত লোকেরা মুসলমানিত্বের কাজ হিসেবে ব্যাপকভাবে ব্যক্তি ও মাযার কেন্দ্রিক কার্যক্রমের সাথে জড়িয়ে পড়ে এবং বিপুল সংখ্যক লোক নামায় রোয়া না করেও নিজেদেরকে মুসলমান বলেই ভাবেত থাকেন। এ ধারাও অব্যাবহত আছে।

উপরোক্ত কারণসমূহের প্রেক্ষিতে এবং বিশেষত সরাসরি কুরআন হাদিস অধ্যয়ন ও অনুসরণ না করার প্রেক্ষিতে এ দেশের মুসলিম সমাজে ঈমান আফিনা, ধ্যান ধারণা, বিশ্বাস দৃষ্টিভংগি, ইবাদত বন্দেগি এবং আচার অনুষ্ঠান ও রসম রেওয়াজের মধ্য দিয়ে ঢুকে পড়েছে শত রকম জাহিলিয়্যাত।

ফলে-

- মুসলমাননের মধ্যে প্রবেশ করেছে শিরক, বিদআত।
- অনেক ক্ষেত্রে বিলুপ্ত হয়ে পড়েছে হালাল হারামের তারতম্য।
- উপেক্ষিত হচ্ছে ফর্য নফলের পার্থক্য।
- ফর্যের চাইতে প্রধান্য পাচ্ছে নফল।
- হালালের চাইতে প্রাধান্য পাচ্ছে হারাম।
- সূত্রতের চাইতে প্রাধান্য পাচ্ছে বিদা্মাত।
- তাওহীদের চাইতে প্রাধান্য পাছেহ শিরক।
- সত্য ন্যায় ও আদর্শের চাইতে প্রাধান্য পাচ্ছে ব্যক্তি।
- সত্য সন্ধানের চাইতে প্রধান্য পাচ্ছে পূজনীয় ব্যক্তি ও অন্ধ অনুকরণ।
- কুরআন হাদিস জানা বুঝার চাইতে প্রাধান্য পাছেই সহজে সওয়াব হাসিলের মানসিকতা । প্রাধান্য পাছেই জ্ঞানের চাইতে অল্পতা, আলোর চাইতে অল্পতা ।

২. ইসলামের পথ আলানা জাহিলিয়াতের পথ আলানা

কিন্তু, একথা পরিদ্ধার, ইসলাম এবং জাহিলিয়াতের পথ সম্পূর্ণ আলাদা। ইসলামের বাহক বা জাহিলিয়াতের বাহক যার মধ্যেই উভয়টি একত্রিত হবে, তার জীবন থেকে একটিকে আরেকটি গ্রাস করে নেবে। তার বিশ্বাস ও চরিত্রে যেটির ভিস্তি দুর্বল সেটিকে গ্রাস করে নেবে যেটির ভিস্তি শক্তিশালী, সেটি।

- ১২ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভূল
- ইসলামের ভিত্তি, বিধান ও মডেল
 ইসলামি জ্ঞান, হিদায়াত ও জীবন পদ্ধতির মূল ভিত্তি হলো:
- ১. আল্লাহর কালাম আল ক্রআন,
- ২. আখেরি নবী মুহান্দদ রসূলুলাহর সুন্নাহ বা হাদিস।

কুরআন সুন্নাহ প্রদন্ত ইসলামের করণীয় ও পালনীয় বিধানের স্তর সমূহ হলো:

১. ফর্য। ২. ওয়াজ্ব। ৩. নফল। ৪. মুবাহ।

এওলো প্রথম থেকে ক্রমানুসারে ওরুত্বপূর্ণ। তর্থাৎ অবশ্য করণীয়, করণীয়, উত্তম, ঐচ্ছিক।

ইসলামের ভিত্তি ও বিধান সমূহের মডেল হলেন:

- ১. মুহাম্মদ রসূলুল্লাহ সা. এবং
- ২. সাহাবায়ে কিরামের জামাত বা সমষ্টি।
- ৪. ইসলামের দৃষ্টিতে জাহিলিয়াত ও জাহিলিয়াতের বৈশিষ্ট্য

ইসলামের দৃষ্টিতে জাহিলিয়াত হলো:

- ১. আল্লাহর সম্পর্কে অভ্রতা,
- ২. শিরক,
- ৩. কুফর এবং মনগড়া (মানব রচিত) মতবাদে বিশ্বাস,
- 8. किञक, युनुम,
- ৫. বিদুআত।

জাহেলিয়াতের ভিত্তি হলো:

- ১. অভ্ৰতা,
- ২. জন্ধ অনুসরণ,
- ৩. আত্মার দাসত্ব,
- ৪. স্বার্থপূজা,
- ৫. ভ্রান্ত রসম রেওয়াজ।

ইসলামের দৃষ্টিতে জাহিলিয়াতের বিধানসমূহ হলো:

- ১. হারাম (অকাট্য নিষিক্ষ), অথবা
- ২. মাকরহ তাহরিমি (নিষিদ্ধের কাছাকাছি মন্দ), অথবা
- ৩. মাকরুহ তানযিহি (মন্দ, তবে নিবিদ্ধ নয়)।
- ৫. ইসলামের পথ জাহিলিয়াতের পথ থেকে সম্পূর্ণ মুক্ত পবিত্র জাহিলিয়াতের কোনো প্রকার মিশ্রণ ইসলাম বরদাশত করেনা। ইসলামের করণীয় বর্জনীয় বর্ণনা করার পর আল্লাহ তায়ালা বলেন:

وَأَنَّ هَــلْذَا صِرَاطِي مُسْتَقِيمًا فَاتَّبِعُوهُ ۖ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَن سَبِيلِهِ ۚ ذَّلِكُمْ وَصَّاكُم بِهِ لَعَلَّكُمْ تُتَّقُونَ

অর্থ: আর আমার এই (ইসলামের) পথ সরল সঠিক সুদৃঢ় পথ। তোমরা এরি অনুসরণ করো, ভিন্ন পথসমৃহের অনুসরণ করোনা; করলে তোমাদেরকে ভাঁর (আল্লাহর) পথ থেকে বিছিন্ন করে ফেলবে। এ হলো তোমাদের জন্যে আল্লাহর নির্দেশ, যাতে করে তোমরা সতর্ক হও। (সূরা ৬ আনআম: আয়াত ১৫৩)

আক্লাহর পথ ইসলামের অনুসরণের জন্যে তিনি কুরআনকে অনুসরণ করার নির্দেশ দিয়েছেনঃ

وَهَالَمُ الْكَابُ أَنزَلْنَاهُ مُبَارَكُ فَاتَّبِعُوهُ وَاتَّقُوا لَعَلَّكُمْ تُرْحَمُونَ অর্থ: আর এ কিতাব আমি নাষিল করেছি মহা কল্যাণময়। সূতরাং তোমরা এর অনুসরণ করো এবং সাবধান হও। আশা করা ধায় তোমাদের প্রতি রহম করা হবে। (সূরা ৬ আনআম: আয়াত ১১৫)

মহান জাল্লাহ আরো বলেন:

রসূলুল্লাহ সা. পরিষ্কার করে বলে দিয়েছেন:

فَعَلَيْكُمْ بِسُنَّتِيْ وَسُنَّةُ الْخُلَفَاءِ الرَّاشِدِيْنَ الْمَهْدِيِّيْنَ ، تَمَسَّكُوْبِهَا وَعَضُّوْا عَلَيْهَا بَالنَّوَاجِدِ •

অর্থ: তোমাদেরকে অবশ্যি আমার সুত্রত এবং হিদায়াত প্রাপ্ত খোলাফারে রাশেদীনের সুত্রত অনুসরণ করে চলতে হবে। তোমরা তা শক্ত করে আঁকড়ে

১৪ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

ধরবে এবং দাঁত দিয়ে কামতে ধরে অটল হয়ে থাকরে। (মুসনাদে ইমাম আহমদ ইবনে হামল: বর্ণনা-ইরবাজ ইবনে সারিয়া রা.)

৬. হালাল এবং হারাম সুস্পষ্ট, মাঝখানে সন্দেহজনক বিষয় সমূহ কুরআন এবং হাদিসে হারাম ও নিধিন্ধ বিষয়সমূহ সুস্পষ্টভাবে বর্ণিত হয়েছে। রসূলুল্লাহ সা. বলেন:

اَلْحَلَالُ بَيِّنْ وَالْحَرَامُ بَيِّنْ وَبَيْنَ ذَالِكَ أُمُورٌ مُشْتَبَهَاتٌ لَا يَدْرِئْ كَثَيْرٌ مِّنَ النَّاسِ أَمِنَ الْحَلَالِ هِيَ أَمِ الْحَرَامِ؟ فَمَنْ تُرَكَهَا اسْتَبَرَاءً لِدَيْنِه وَعِرْضِه فَقَدْ سَلِمَ وَمَنْ وَاقَعَ شَيْعًا مِنْهَا يُوشِكُ أَنْ يُواقِعَ الْحَرَامَ كَمَا أَنْ يُواقِعَه الله الْحَمَى اوْشَكُ أَنْ يُواقِعَه الله وَإِنْ لِكُلِّ مَلِكَ حِمْى الله مَحَارِمُه-

অর্থ: হালাল সুস্পষ্ট, হারামও সুস্পষ্ট। এ দুটির মাঝখানে কতিপর জিনিস সান্দেহপূর্ণ। সেগুলো সম্পর্কে অনেক লোকেরই জানা নেই যে, আসলে তা হালাল না হারাম। এরপ অবস্থার যে ব্যক্তি স্বীয় দীন ও স্বীয় মান মর্যানা রক্ষরে জন্যে সেসব থেকে দূরে থাকে, সে নিশ্চরই নিরাপদ থাকে। কিন্তু যে ব্যক্তি তত্মধ্য থেকে কোনো কিছুর সাথে জড়িয়ে পড়বে, তার পক্ষে হারামের মধ্যে পড়ে যাওয়া অসম্ভব নয়। যে ব্যক্তি নিজের জম্ভগুলোকে নিষিদ্ধ চারণভূমির আশে-পাশে চরায়, তার পক্ষে সে নিষিদ্ধ অঞ্চলের চুকে পড়ার সম্ভাবনা থাকে। তোমরা শোনো, প্রত্যেক রাজা-বাদশাহরই একটি 'সুরক্ষিত চারণভূমি' থাকে। আরও শোনো, আল্লাহর হারাম করা জিনিসগুলোই তার সংরক্ষিত চারণভূমি। (বুখারি, মুসলিম, তিরমিযি)

৭, শিরক এবং বিদ'আত

শিরক এবং বিদ্যাত ধর্মের তথা ইসলামের ছন্ধবেশেই ইসলামের মধ্যে প্রবেশ করে। শিরকের মধ্যে জাল্লাহকে জবশ্যি রাখা হর। তবে,

- ১. আল্লাহ ও বান্দার মাঝখানে জন্যদেরকে মাধ্যম বানিয়ে নেয়া হয়, কিংবা
- ২. আল্লাহর সাথে কারো আত্মীরতার সম্পর্ক সৃষ্টি করা হয়, অথবা
- ৩. কাউকে আল্লাহর সমকক্ষ বানানো হয়, বা
- ৪. কাউকে আল্লাহর প্রাপ্য অধিকারে শরিক করা হয়, নতুবা
- কারো প্রতি আল্লাহর ক্ষমতা আরোপ করা হয়।

বিদ'আতও ধর্মের রূপ ধারণ করেই ইসলামে প্রবেশ করে এবং একাকার হয়ে থাকে। বিদ্রভাত হলো সেইসব নিয়ম কানুন, রসম রেওয়াজ, বা অনুষ্ঠান, বা কার্যক্রম, যা ধর্মের নামে চালু করা হয় এবং ধর্মীয় কাজ হিসেবে পালন করা হয়ে থাকে। অথচ আল্লাহর রসূল সা. নিজের কথা, কাজ বা অনুমোদন দ্বারা তা চালু করেননি। রসূলুলাহ সা. বলেছেন:

فَانٌ خَيْرَ الْحَدِيْثِ كِتَابُ اللهِ وَخَيْرُ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ وَشَرُّ الْأُمُوْرِ مُحْدَثَاتُهَا وَكُلِّ بِدْعَة ضَلاَلَة

অর্থ: জেনে রাখো, সর্বোন্তম বাণী আল্লাহর কিতাব। আর সর্বোন্তম পথ ও পস্থা হলো মুহাম্মনের প্রদর্শিত পথ ও পস্থা। পক্ষান্তরে সর্ব নিকৃষ্ট কার্যক্রম হচ্ছে (দীনের মধ্যে) নবোদ্ভাবিত কার্যক্রম (বিদআত)। আর প্রতিটি বিদআতই (নবোদ্ভাবিত কর্মই) সুস্পষ্ট গোমরাহী। (সহীহ মুসলিম)

অপর বর্ণনায় রয়েছে, তিনি একথার পরে বলেছেন: 'আর প্রতিটি গোমরাহীই জাহান্নামে।'

আমাদের দেশে দীন ও শরিয়তের মধ্যে যেসব শিরক, বিদআত, কুম্বর, হারাম, মাকরহ, যুলুম বিভিন্নভাবে প্রবেশ করেছে এবং একাকার হয়ে আছে, সে সম্পর্কে মুসলিম সমাজে সচেতনতা সৃষ্টি অতীব জরুরি।

সে উদ্দেশ্যেই এ আলোচনা। এ আলোচনায় আমরা কতিপয় উল্লেখযোগ্য ভুল ভুলে ধরবো।

বইয়ের পরিসর সংক্ষিপ্ত করার উদ্দেশ্যে বক্তব্য সংক্ষেপ করা হয়েছে।

প্রচলিত ১০১ ভুল

ঈমান-আকিদাগত ভ্রান্তি সমূহ

 আমার দাদা একজন বুয়ুর্গ ব্যক্তি ছিলেন। তিনি ইত্তেকাল করেছেন। আমরা তাঁর কবর কেন্দ্রিক একটি মসজিদ তৈরি করতে চাই। এটা জায়েয় হবে কি? উল্লেখ্য, আমাদের দেশে এরকম অসংখ্য মসজিদ তৈরি হয়েছে।

কবরে বা কবর কেন্দ্রিক মসজিদ তৈরি করা ইসলামে সুস্পষ্টভাবে নিষিদ্ধ।

যেবার অসুস্থ হয়ে রস্লুল্লাহ সা. ইন্তেকাল করেন, সেই অসুস্থতার সময় মৃত্যুর পাঁচদিন পূর্বে তিনি সাহাবীগণকে বলেন:

اَلاَ وَانَ مَنْ كَانَ قَبْلَكُمْ كَانُوا يَتَّخِذُونَ قُبُوْرَ اَنْبِيَائِهِمْ وَصَالِحِيِّهِمْ مَسَاجُدا ، الاَ فَلاَ تَتَّخِذُوا الْقُبُورِ مَسَاجِدًا الَّيْ اَنْهَاكُمْ عَنْ ذَالِكَ •

অর্থ: সাবধান! ভোমাদের পূর্বের লোকেরা ভাদের নবী এবং নেক লোকদের কবরকে মসজিন বানিয়ে নিভো। সাবধান! ভোমরা কবরকে মসজিন বানিয়োনা, আমি ভোমাদের নিষেধ করছি এই কাজ। (সহীহ মুসলিম, হাদিস নহর ৫৩২)

আল্লাহর রসূলের এই হাদিস বহু সাহাবী কর্তৃক বর্ণিত হয়েছে। বুখারি, মুসলিমসহ হাদিস গ্রন্থাবলীতে তাঁর মৃত্যুর পূর্বেকার এই বক্তব্য সংক্ষিপ্ত এবং বিস্তারিত আকারে বর্ণিত হয়েছে।

এ হাদিসগুলোতে একথাও রয়েছে, রসূলুক্রাহ সা. বলেছেন: "তোমরা আমার কবরকে মসজিদ বানিয়োনা।"

সূতরাং যারা অলি বুযুর্গ ও নেক লোকদের কবরে বা কবর কেন্দ্রিক মসজিদ বানায়, তারা ঐ অলি, বুযুর্গ ও নেক লোকদেরকে ভালো মানুষ বলে খীকার করেনা। কারণ, তারা উনাদের আদর্শের খেলাফ কাজ করে। উনারা আল্লাহর রস্লের সুন্নত মতো চলতেন, এরা চলেনা।

২. আমাদের দেশে অনেক জায়গায় কবর পাকা করা হয়, কবরে গন্ধুজ বানানো হয়, কবর কেন্দ্রিক উরস, ওয়াজ মাহফিল, ইসালে সওয়াবের অনুষ্ঠান, এমনকি উৎসব ও মেলা করা হয়, এগুলো কি সুনুত সম্মত?

এণ্ডলোর কোনোটিই রসূলুক্লাহ সা. করেন নাই, করতে বলেন নাই এবং সাহাবীগণও করেন নাই। রসূলুল্লাহ সা. কবরকে ইবাদতের স্থান বানাতে নিখেধ করেছেন এবং উঁচু কবর ভেঙ্গে সমান করে দিতে নির্দেশ দিয়েছেন।

সূতরাং এণ্ডলো সবই সুন্নতের খেলাফ। এণ্ডলোর ভেতরে রয়েছে শিরক, বিদআত এবং নিষিদ্ধ কার্যক্রম।

৩. আমাদের দেশে দেখা যায়, অনেকেই বিপদ দ্র হওয়ার জন্যে এবং উদ্দেশ্য হাসিলের জন্যে মাযারের নামে মানুত করে, ঐ কবরে দাক্ষন করা মৃত ব্যুর্গ ব্যক্তির আশির্বাদ লাভের জন্যে তার মাযারে গিয়ে দোয়া প্রার্থনা করে, ফরিয়াদ করে। -এগুলো কি জায়েয?

এগুলো ওধু নাজায়েহই নয়, এগুলো সুস্পষ্ট শিরক। ইসলামের সুস্পষ্ট ঈমান আকিদা হলোঃ

- মৃত ব্যক্তি যিনিই হোন না কেন, তিনি মৃতই। তার পক্ষে কারো লাভ বা ক্ষতি করা সম্ভব নয়।
- তিনি নিজে জান্নাতে যাবেন কিনা তাও তিনি জানেন না।
- তার কবর আযাব হচ্ছে কিনা- তাও কেউ জানেনা।
- তার কবর আযাব হলে তা থেকে নিজেকে রক্ষা করার ক্ষমতাও তার নেই।
- সূতরাং তার পক্ষে অন্য কাউকে কোনো প্রকার সাহায্য করার প্রশ্নই আসেনা।

এ প্রসঙ্গে আল কুরআনের নিম্নোক্ত আয়াত সমূহ দেখুন:

সূরা ০৬ আল আনআম : আয়াত ৪০-৪১ ও ৫৬। সূরা ০৭ আল আরাফ : আয়াত ১৯৪,১৯৭। সূরা ১৭ ইসরা : আয়াত ৬৭। সূরা ১৯ মরিয়ম : আয়াত ৪৮। সূরা ২২ হজ্জ : আয়াত ৭৩। সূরা ২৬ শোয়ারা : আয়াত ৮২। সূরা ৩৫ ফাতির : আয়াত ১৩, ৪০। সূরা ৩৯ মুমার : আয়াত ৩৮। সূরা ৪০ গাফির : আয়াত ৬৬। সূরা ৭২ জিন : আয়াত ১৮।

 কবরকে মাযার বলা বৈধ কি? আমাদের দেশে অনেক বুয়ুর্গ ও নেতার কবরকে মাযার বলা হয়।

মাযার মানে- দর্শনীয় স্থান, যেখানে পর্যটকরা দেখতে যায়।

কবরকে মাযার বলা যায়ন। রস্লুল্লাহ সা. কবরকে মাযার বলেন নাই, সাহাবীগণও বলেন নাই। আল্লাহর রস্লের কবরকে মাযার বলা হয়না, কোনে সাহাবীর কবরকেও মাযার বলা হয়না।

কবরকে মাধার বলা ইসলামের নীতি ও আদর্শের খেলাক। কবরকে মাধার বলার উদ্দেশ্য তিনটিঃ

১. ঐ কবর পূজা করার জন্যে মানুষকে আহবান জানানো, অথবা

- ১৮ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল
- २. ঐ करात वात्क नाकन कहा शांतर जात जनुमारी श्वरा, किश्वर
- ৩. যারা কবরকে ব্যবসা কেন্দ্র বানিয়েছে, তাদেরকে পয়সা দেয়া।
- -এর কোনোটিই ইসলামে বৈধ নয়।
- -তবে নিজের মৃত্যুর কথা স্মরণ করার জন্যে রসূলুলাহ সা. কবর বিয়ারত করাকে বৈধ করেছেন।
- ৫. আমাদের দেশে বিশেষ বিশেষ পীর, বুরুর্গ, দরবেশ ও মৃত ব্যক্তিদের 'অলি' 'অলি আল্লাহ' বলা হয়। আসলে অলি আল্লাহর সঠিক পরিচয় কী?

'অলি' বা 'অলি আল্লাহ' সম্পর্কে আমাদের সমাজে অনেক ভুল ধারণা রয়েছে। মুসলমানদের মধ্যে বিশেষ বেশভ্যা এবং ধরণ ধারণের ব্যক্তিদেরকে লোকেরা 'আল্লাহর অলি' বা 'অলি আল্লাহ' মনে করে। কিন্তু আসল ব্যাপর তা নয়।

অলি শন্দের অর্থ- বন্ধু, অভিভাবক, পৃষ্ঠপোষক। অলির বহু বচন আওলিয়া।

'অলি আল্লাহ' মানে- আল্লাহর বন্ধু বা আল্লাহর প্রিয়জন। আল্লাহর বন্ধু বা প্রিয়জন কে, তা কারো দাবি বা ভাকা দ্বারা নির্বারিত হয়না। তা নির্বারণ করাব দায়িত্ব আল্লাহর।

আল্লাহ নিজেই কুরুআন মজিদে অলি আল্লাহরা পরিচয় দিয়েছেন এভাবে:

لَا إِنَّ أُوْلِيَاءَ اللَّهِ لَا حَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ • الَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ •

অর্থ: জেনে রাখো! আল্লাহর অলিদের ভরও নেই, দুশ্চিতাও নেই- যারা ঈমান এনেছে এবং তাকওয়া অবলম্বন করেছে। (সূরা ১০ ইউনুস: ৬২-৬৩)

إِنَّمَا وَلَيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَرَسُولُهُ وَالْذِينَ آمَنُوا الَّذِينَ يُقَولُ اللَّهَ وَرَسُولُهُ وَالْذِينَ آمَنُوا فَإِنَّ حَزْبَ اللَّهَ هُمُ الْغَالَبُونَ •

অর্থ: নিশ্যাই তোমাদের অলি হলেন আল্লাহ এবং তাঁর রস্ল আর ঈমানদার লোকেরা- যারা সালাত কারেম করে, যাকাত দিয়ে দের এবং আল্লাহর প্রতি অনুগত বাধ্যগত থাকে। যারা অলি মানে আল্লাহকে এবং আল্লাহর রস্ককে আর ঈমানদার লোকদেরকে, তারাই আল্লাহর দল এবং আল্লাহর দলই থাকবে বিজরী। (সুরা আল মারিদা: আয়াত ৫৫-৫৬) এ দুটি আয়াত থেকে জানা গেলো, সকল মুমিনই আল্লাহর অলি, যারা সালাত কারেম করে, যাকাত প্রদান করে, আল্লাহকে ভর করে এবং আল্লাহর জনুগত বাধ্যগত থাকে।

ইমাম তাহাবী তাঁর আল আকীদা প্রস্তে আহলুস সুত্রত ওয়াল জামা'ল ১র 'অলি আল্লাহ' সংক্রান্ত আকীদা পেশ করেছেন এভাবে:

الْمُوْمِيُ فَمُ اوْلِيَاءُ الرَّحْمَانُ وَاكْرَمُهُمْ عِنْدَ اللهِ اَطُوعَهُمْ وَاتَبَعَهُمْ لِلْقُرَّانِ

खर्थः সকল মুমিনই আল্লাহ রহমানের অলি। তাদের মধ্যে ত হর কাছে
অধিক সম্মানিত তারা, যারা আল্লাহর অধিকতর অনুগত এ কুরআনের
অধিকতর অনুসারী।"

৬. কাশফ এবং ইলহামের মাধ্যমে পাওয়া নির্দেশ সম্পর্কে । য়তের বিধান কি? অলিগণ নাকি এভাবে নির্দেশ পেয়ে থাকেন?

অনেক সময় বিভিন্ন পীর বুযুর্গ সম্পর্কে বলা হয়: অমুণ কাশফ হয়েছে, অমুকের কাছে ইলহাম হয়েছে। কাশক ও ইলহাম দীনি ভ ার ভিত্তি নয়।

- এ ধরণের কথাবার্তা সরই দীনের মধ্যে বিভ্রান্তি : প্রারী। এ ব্যাপারে ইসলামের সুস্পষ্ট নীতিমালা হলো:
- দীনি জ্ঞানের উৎস হলো আল কুরআন এবং সুরা পীর বুয়ুর্গের কাশফ ও ইলহাম দীনি জ্ঞানের উৎস নয়।
- দীনের ইলম, ছত্ম আহকাম, বিধি বিধান, । ,ল হারাম, সওয়াব ভনাহ ইত্যাদির ভিত্তি হলো আল কুরআন এবং সুল্লা সীর বুযুর্গের কাশফ এবং ইলহাম নয়।
- ৩. ইসলামি বিশেষজ্ঞগণের ইজতিহাদ, কি ও মতামত কুরআন-সুন্নাহর সাথে সাংঘর্ষিক হলে পরিত্যাজ্য। কুরআ ্রুনাহ কর্তৃক অনুমোদিত হলে গ্রহণযোগ্য।
- কুরআন সুরাহই ইসলাম এবং ইসল' শরিয়তের উৎস ও মানদভ, অন্য কিছু নয়।
- ৭. অনেকে বলেন, স্বপ্নে নির্দেশপ্রাপ্ত বলছি/করেছি

এমাত্র নবীগণের স্বপ্ন ছাড়া আর কা ধপুই হিনায়াত লাভের মাধ্যম নয়। তথু নবীগণই স্বপ্নে অহি লাভ করতেন।

ইসলামের অকাট্য মূলনীতি হলো

- ২০ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুগ
- একমাত্র কুরআন সুন্নাহই 'আদদীনুল ইসলাম' বা ইসলামি জীবন ব্যবস্থার উৎস এবং মূলসূত্র । অন্য সকলের কথা ও কাজ কুরআন সুন্নাহ সমর্থিত হলেই কেবল গ্রহণযোগ্য নতুবা পরিত্যাজ্য ।
- ২, স্বপ্ন দ্বারা অদৃশ্য জ্ঞান অর্জন হয়না এবং শরিয়তের বিধান নির্ণয় হয়না :
- অংশ্বর চাইতে ভাগ্রত অবস্থার চিন্তা গবেষণা বা ইজভিহাদের মূল্য অনেক বেশি- যদি তা কুরআন সুরাহর মূলনীতি ধারা সমর্থিত হয়।
- কোনো সমস্যার সমাধান এবং সংঘটিতব্য বিষয়ে কোনো কোনো কপ্পে ইংগিত পাওয়া যেতে পারে। তবে সে সম্পর্কে কুরআন সুয়য় অভিজ্ঞ ব্যক্তিয় ব্যাখ্যা আবশ্যক।
- ৫. কোনো স্বপ্ন বা স্বপ্নের ব্যাখ্যা গ্রহণ করা জরুরি নয়, ঐচ্ছিক।
- ৮. পীর সাহেব করেছেন তাই আমরাও করি। পীর সাহেব বলেছেন তাই আমরা করি। তিনি আল্লাহর অণি। তাঁর কাজ বা কথা বেঠিক হভে পারেনা।
- এই কথাটি সরাসরি ইসলামের খেলাফ। এটা একজন মুসলিমের কথা হতে পারেনা। ইসলামের মূলনীতি হলো:
- "কুরআন সুন্নাহ দ্বারা ব্যক্তিকে যাচই করতে হবে, ব্যক্তির কথা বা কাজ দ্বারা কুরআন সুন্নাহকে নয়।"
- ২. কুরআন সুরাহর সাথে সাংঘর্ষিক হলে পীর, দরবেশ, অলি, আলেম, শায়খ, সুঞ্জী, কর্তা সকলের কথা ও কাজই বর্জনীয়।
- ৩. সাহাবীগণও কুরআন সুত্রাহর সাথে সাংঘর্ষিক প্রমাণিত হলে নিজেনের মত পরিবর্তন করেছেন। বেমন: মোহরানা নির্বারণের বিষয়ে খলিকা উমর রা. নিজের মত পরিবর্তন করেন।
- ৯. একদশ লোক উসিলা ধরে দোরা করে। তারা মনে করে: উসিলা ছাড়া আল্লাহ গুনাহগারদের দোরা কবুপ করেন না, গুনাহ মাফ করেন না। -এ ধারণা কি ঠিক?
- এ ধারণা ঠিক নয়। কুরআন মজিদে আল্লাই দোয়া শিক্ষা দিয়েছেন। নবীগণের দোয়াও কুরআনে উল্লেখ হয়েছে। কিন্তু উসিলা ধরে দোয়া করার কোনো উল্লেখ নেই।
- হানিস গ্রন্থাতে দেখুন রস্লুল্লাহ সা.-এর অসংখ্য দোয়া উল্লেখ হয়েছে। কোথাও তিনি উসিলা ধরে দোয়া করেন নাই।

উসিলা ধরে দোয়া করার নির্দেশ আল্লাহও দেন নাই, আল্লাহর রস্বত এধরণের শিক্ষা দেন নাই। সাহাবীগণ কখনো উসিলা ধরে দোয়া করেন নাই।

একমাত্র ইস্তিস্কার (পানি প্রার্থনার) দোয়া এর ব্যতিক্রম।

কুরআন মজিদে সবাইকে সরামরি আল্লাহর কাছে নোয়া করতে বলা হয়েছে:

অর্থ: তোমাদের প্রভু বলেছেন: তোমরা আমাকে ভাকো-আমার কাছে দোয়া করো, আমি তোমাদের দোয়া করুল করবো। (দুরা ৪০খাল মুফিন: আয়াত ৬০)

وَإِذَا سَأَلُكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ مُثْمُ حِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ

অর্থ: আমার দাসেরা যখন তোমাকে আমার বিষয়ে প্রপ্ন করে, (ভূমি তাদের বলো:) আমি তাদের একেবারে কাছেই আছি। আমি প্রার্থনাকারীর ভাকে সাড়া দিই-যখনই সে আমাকে ডাকে। (সূরা ২ বাকারা: আরাত ১৮৬)

তবে নিজের কোনো নেক আমলের উল্লেখ করে আল্লাহর কাছে কিছু চাওয়া যেতে পারে।

১০. কিছু লোক ক্রআনের আয়াত 'ওয়াবতাণ্ড ইলাইহিল ওসিলার' উল্লেখ করে বলে: উসিলা মানে পীর বুযুর্গ ধরা ।' তারা আরো বলে: 'বিপদ মুসিবত, দু:খ কষ্ট দূর করা ও আল্লাহর শাস্তি থেকে রক্ষা পাওয়ার জন্যে এইসব উসিলার সাহায্য নিতে হবে। এসব কাজে তাদের অনেক ক্ষমতা।' এই ধারণার বশবতী হয়ে তারা মরা ও জীবিত ব্যক্তিদেরকে উসিলা ধরে এবং তাদের কাছে লোয়া প্রার্থনা করে, করিয়াদ করে এবং তাদের কাছে মুক্তি চায়।-এ বিষয়ে ইসলামের দৃষ্টিভংগি কী?

এ প্রসঙ্গে প্রথম কথা হলো, দোয়া হচ্ছে ইবাদত। রসূলুল্লাহ সা. বলেছেন:

ें الْعُبَادَة : वर्थ: 'ताग्ना इराज् हैदानज ।' (विनकाज : आग्ना वक्षाता)

آلدُّعَاءُ مُخُّ الْعِبَادَة : অর্থ: 'দোরা হলো ইবাদতের মস্তিক (অর্থাৎ মূল)।'
(মিশ্কাত : দোয়া অধ্যায়)

সুতরাং যারা আত্মাই ছাড়া জন্যদের কাছে লোয়া প্রার্থনা করে, করিয়াল করে, এবং যা আত্মাহর কাছে চাওয়ার তা তাদের কাছে চায়, তারা সরাসরি শিরকে লিপ্ত। তারা জন্যদেরকে আত্মাহর সমকক্ষ বানাচ্ছে এবং তাদের ইবাদত করছে। ২২ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

ওয়াবতাও ইলাইথিল ওসিলার অর্থ পীর বুযুর্গ ধরতে হবে, এমন কথা যারা বলে, তারা কুরআন সম্পর্কে অজ্ঞ এবং কুরআনকে নিজেদের দুনিয়াবি স্বার্থে ব্যবহার করে।

উসিল। শব্দটি কুরআন মজিদে দুই জায়গায় উল্লেখ হয়েছে। তা হলো:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَابْتَعُوا إِلَيْهِ الْوَسِيلَةَ وَحَاهِدُوا فِي سَبيله لَعَلَكُمْ تُفْلحُونَ

অর্থ: হে ঈমানদার লোকেরা! তোমরা আল্লাহকে ভর করো এবং তাঁর নৈকট্য লাভের উসিলা (উপায়) অম্বেশ্বণ করো, আর তাঁর পথে জিহাদ করো (প্রচেষ্টা ঢালাও), যাতে তোমরা সফলকাম হতে পারো। (স্রা ৫ আল মারিল: আয়াও ৩৫) এ আরাতে উল্লেখিত উসিলা অম্বেশ্বণ করো অর্থ কী? এ প্রসঙ্গে বিখ্যাত সাহাবী ইবনে আক্রাস রা, বলেন:

'' (उरुनित हैंवान वारन-रेनक्ठें) '' (उरुनित हैंवान काहित): الْوُسِينَةُ أَيُ الْقُرْبَةُ

প্রখ্যাত তাবেরী কাতাদা (রহ.) বলেন: أَيُ تَعْرَبُوا اللّٰهِ بِطَاعِتِهِ وَالْعَمَلِ بِمَا يُرْضِيْهِ 'উসিলা অম্বেষণ করো মানে: আল্লাহর নৈকট্য অর্জন করো তাঁর অনুগত্যের মাধ্যমে এবং এমন উত্তম আমলের মাধ্যমে, যে ধরণের আমল দ্বারা তিনি সম্ভূষ্ট হন।" (তফ্চির ইবনে কাছির)

উসিলা শব্দটি সূরা বনি ইসরাঈলেও এসেছে। সেখানে আন্নাহ পাক বলেন:

قُلِ ادْغُوا الَّذِينَ زَعَمْتُم مِّن دُونِهِ فَلَا يَمْلَكُونَ كَشْفَ الضَّرِّ عَنكُمْ وَلَا تَحْوِيلًا • أُولَـــُيكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَىٰ رَبِّهِمُ الْوَسِيلَةَ أَتَّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتُهُ وَيَخَافُونَ عَذَابَهُ ۚ إِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُورًا •

অর্থ: হে নবী! তাদের বলো: "তোমরা আল্লাহ ছাড়া আর যাদের কাছে বিপদ মুদিবত ও দু:খ কষ্ট দূর করার জন্যে) দোয়া-প্রার্থনা-করিয়াদ করো, দু:খ ও বিপদ মুদিবত দূর করার কোনো ক্ষমতা তাদের নাই। এরা মাদের কাছে প্রার্থনা করে তারা নিজেরাই তো তাদের প্রভুর নৈকট্য লাভের উদিলা সন্ধান করে, এ উদ্দেশ্যে যে, কে তাঁর কভো নৈকট্যে যেতে পারে, তারাও তাঁরই

রহমত প্রত্যাশা করে এবং তাঁর শাস্তির ভয়ে ভীত থাকে। কারণ তাঁর শাস্তি যে অতিশয় ভয়াবহ।" (স্কা ১৭ বনি ইসনাঈল: আয়াত ৫৬-৫৭)

এ জায়াতগুলোতে আল্লাহর নৈকট্য অর্জনের জন্যে এবং বিপদ মুসিবত ও দু:খ কষ্ট দূর করার জন্যে মরা বা জীবিত ব্যক্তিদের উসিলা বানাতে কুরআন সুস্পষ্টভাবে নিষ্ণে করেছে। বলা হয়েছে:

- ১. তারা আল্লাহ ছাড়া অন্যদেরকে আল্লাহর শরিক ও সমকক্ষ বানাচ্ছে।
- তারা যাদেরকে উসিলা বানায়, বিপদ মুসিবত ও দু:খ কয় দূর করতে তারা সম্পূর্ণ অক্ষম ও অসহায়।
- 8. তারা নিজেরাই আল্লাহর নৈকট্য অর্জনের জন্যে উসিলা খোঁজে।
- ৫. উসিলা মানে-আল্লাহর আনৃগত্য ও নেক আমল, যা আল্লাহর নৈকট্য ও দয়।
 লাভের উপায়।

১৯ অলি আল্লাহদের জীবন মৃত্যু সমান কথা। আসলে অলি আল্লাহরা মরেনা, তারা কবরে জীবিতই আছে। তাদের কাছে ফরিয়াদ করে, দোয়া প্রার্থনা করে, তাদেরকে এবং তাদের কবরকে সাজদা করে তাদেরকে খুশি করতে পারলে সব গুনাহ মাপ পাওযা যাবে। তারা সুপারিশ করে পার করে নেবে।

নবী, অলি, বুযুর্গ ও পীরের মৃত্যু আর সাধারণ মুসলমানের মৃত্যুতে কোনো পার্থক্য নাই। মৃত্যু মৃত্যুই। মত্যুর পর দুনিয়ার সাথে সকলেরই সম্পর্ক ছিন্ন হয়ে যায়। মৃত লোকেরা জীবিত লোকদের জন্যে কিছুই করতে পারেনা। করার কোনো ক্ষমতাই তাদের থাকেনা।

ब्रम्नुत्रार आ.-এর মৃত্যু সম্পর্কে জাল্লাহ তারালা বলেন : اللُّكُ مَيُّتُو وُ اللَّهُمْ مَيَّتُونُ

ব্র্থ: (হে মুহান্দন!) নিশ্চয়ই তোমার মৃত্যু হবে এবং তাদেরও মৃত্যু হবে। (স্রা ৩৯ মুমার : আয়াত ৩০)

রসূলুল্লাহ সা. বলেছেন: 'দোয়া ইবাদত'। বরং 'দোয়া ইবাদতের মস্তিষ্ক।' আর সাজনা করাতো বরং শ্রেষ্ঠ ইবাদত।

সুতরাং মৃত কিংবা জীবিত অলি, পীর, বুযুর্গদের কাছে ফরিয়াদ করা, প্রার্থনা করা, তাদের কবরে কান্লাকাটি করে কিছু চাওয়া এবং তাদেরকে ও তাদের কবরে সাজদা করার অর্থ তাদের ইবাদত করা।

এসব কাজ অহাট্য শিরক।

আল্লাহর রসূলের প্রতিপক্ষ মুশরিকরা একাজই করতো। এ জন্যেই তাদেরকে মুশরিক বলা হতো।

২৪ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভূল

যারা আল্পাই ছাড়া অন্যদের কাছে প্রার্থনা ফরিয়াদ করে সেই মুশরিকদের ভ্রান্ত ধারণা কুরজানে উল্লেখ করা হয়েছে এভাবে :

অর্থ: যারা আল্লাহ ছাড়া অন্যদেরকে অনি হিসেবে গ্রহণ করেছে, তারা বলে: "আমরা (এই অনিদের) ইবাদত করি তথু এই উদ্দেশ্যে যে, তারা আমাদেরকে আল্লাহর নিকটে পৌঁছে দেবে।" (সূরা ৩৯ যুমার : আয়াতাংশ ৩)

সুতরাং এরা এবং ঐ মুশরিকরা একই মুশরিক -যারা আল্লাহর রস্লের তাওহীদের দাওয়াত গ্রহণ করতে অস্বীকার করেছিল।

পার্থক্য শুধু এতোটুকু যে, তারা বলতো আমরা ইবরাহিমের ধর্মের উপর আছি। আর এরা বলে: আমরা মুহাম্মদের ধর্মের উপর আছি।

১২. দ্দীনদারি ও বুযুর্গি প্রদর্শনের জন্যে খেতাব বা উপাধি গ্রহণ করা কি বৈধ্যঃ

আমানের এ অঞ্চলে দীনদারি ও বৃযুর্গি প্রদর্শনের উদ্দেশ্যে খেতাব আর উপাধির ছড়াছড়ি দেখা যায়। এসব উপাধি গ্রহণের ক্ষেত্রে বাড়াবাড়ি আর সীমালংঘনের কোনো সীমা নাই। যেমনঃ

অলিয়ে কামেল, আশেকে রস্ল, মাহবুবে সোবহানী, কুতুবে রব্বানী, মুজাদ্দিদে যামান, অলিকুল শিরোমনি, গাউছ, গাউসুল আযম, ইমাম আযম, মুহিউস সুন্নাহ, ইমামূল আয়িমাহ, কুতুবে এরশাদ, হুজুর কেবলা, খাজা বাবা, গাউসুস সাকালাইন, হাদিয়ে যামান, মাহবুবে এলাহী ইত্যাদি।

এসবগুলোই দীনদারি, বুর্য্নি, শ্রেষ্ঠত্ব্, পাপীদের মুক্তিদাতা ইত্যাদি বুঝানোর জন্যে ব্যবহার করা হয়ে থাকে।

প্রথম কথা হলো এসবই সুন্নতের খেলাফ।

আল্লাহর রস্ল সা. এ ধরণের কোনো উপাধি গ্রহণ করেননি এবং তাঁর সাহাবীরাও তাঁকে এ ধরণের উপাধিতে ভাকেননি।

বিতীয় কথা হলো, এই উন্মতের শ্রেষ্ঠ মানুষ ছিলেন সাহাবায়ে কিরাম। স্বয়ং আল্লাহ পাক তাদেরকে ক্ষমার ও জান্নাতের সুসংবাদ দিয়েছেন।

তাঁরা কেউ এ ধরণের উপাধি গ্রহণ করেননি। তাঁরা পরস্পরকে এ ধরণের উপাধি দেননি। উন্মতের শ্রেষ্ঠ বুযুর্গগণ এ ধরণের উপাধি গ্রহণ করেননি। ভাবেরী, তাবে তাবেরী, ইমাম আবু হানিফা, শাফেরী, আহমদ, মালেক কেউ এ ধরণের উপাধি গ্রহণ করেননি।

দেখা যায়, জীবদ্দশাতেই এখন বহু লোক এসব উপাধি গ্রহণ করে। আবার অনেক তালো লোককে মৃত্যুর পর লোকেরা এসব উপাধিতে ভূষিত করে। এসব উপাধির মধ্যে শিরক পর্যন্ত আছে।

তাহলে প্রশ্ন হলো, এ ধরণের উপাধি কাদের প্রয়োজন? জবাব একটাই, তাহলো: যাদের কোনো স্বার্থ বা গরজ আছে, তাদেরই এ ধরণের উপাধি প্রয়োজন।

একটু ভাবলেই দেখা যায়, সুত্রতের খেলাফ হওয়া সম্ভেও এ ধরণের উপাধি গ্রহণ বা প্রদান করে সাধারণতঃ

- ১. জাহিল লোকেরা,
- ২. মতলব বাজ ও স্বার্থাম্বেষী লোকেরা,
- ৩. ইসলামের নাম ব্যবহারকারী ধোকাবাজ লোকেরা।

এসব উপাধি হারা মুসলিম জনসাধারণকে বিভ্রান্ত করা হয়। এপ্রসংগে আল্লাহ পাক বলেন:

অর্থ: সুতরাং তোমরা নিজেরাই নিজেদেরকে ওদ্ধতার সার্টিফিকেট দিওনা। তিনিই অধিক জানেন- কে প্রকৃত মুব্তাকি।' (সুরা ৫৩ আন নজম: আরাত ৩২)

১৩. বলা হয়: আবদুল কাদের জিলানী গাউসুল আযম। মায়ের পর্ডে থাকতেই ক্রআন মুখন্ত করেছেন। মেরাজে সিদরাত্ল মুনতাহার পরে নবীকে অভয় দিয়েছেন-এগুলো কি ঠিক?

এ কথাগুলো থেকে বুঝা যায়, আবদুল কানের জিলানি মানুষ ছিলেন না। কারণ এসব কথা মানব গুণাবলীর মধ্যে পড়েনা। এগুলো নিতান্তই জাহিল লোকদের কথাবার্তা যাদের মানবত্ব সম্পর্কে কোনো ধারণা নেই।

গাউছ মানে-ত্রাণকর্তা, পরিত্রাণদানকারী, উদ্ধারকারী। আর গাউসুল আয়ম মানে-সর্বশ্রেষ্ঠ ত্রাণকর্তা।

গাউছ কথাটি আল্লাহ ছাড়া আর কারো জন্যে ব্যবহার করা উচিত নয়। কারণ তাহলে তা হবে শিরকের নামান্তর। আবদুল কাদের জিলানি কখনো নিজেকে ২৬ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভূল

গাউছ বা গাউছুল আয়ম দাবি করেন নাই। পরবর্তীকালে জাহিল লোকেরা তাঁকে এই উপাধি দিয়েছে।

আর বাকি বিষয়গুলো তো কোনো মানুষের জন্যে প্রযোজ্য নয়। আবদুল কাদের জিলানি তো নস্যি, স্বাং নবীর কাছে এ ধরনের অনেক অলৌকিক বিষয় দাবি করা হয়েছিল, কিন্তু তিনি বলেছেন, আমিতো মানুষ, আমার পক্ষে এগুলো করে দেখানো সম্ভব নয়। দেখুন কুরআন কী বলে:

وَقَالُوا لَن تُؤْمِنَ لَكَ حَتِّى تَفْجُرَ لَنَا مِنَ الْأَرْضِ يَنبُوعًا • أَوْ تَكُونَ لَكَ حَنَّةٌ مِّن تُحيلِ وَعِنَب فَتُفَحَّرَ الْأَنْهَارَ حِلَالَهَا تُفْحِيرًا • أَوْ تُسْقِطُ السَّمَاءَ كَمَّا زَعَمْتَ عَلَيْنَا كِسَفّا أَوْ تَأْتِيَ بِاللّهِ وَالْمَلَائِكَةِ قَبِيلًا • أَوْ يَكُونَ لَكَ بَيْتَ مِّن زُجْرُف أَوْ تَرْقَى فِي اللّهِ السَّمَاءِ وَلَن تُؤمِن لِرُقِيكَ حَتَّىٰ تُنزِل عَلَيْنَا كِتَابًا تَقْرَوُهُ أَوْ قُلْ السَّمَاءِ وَلَن تُؤمِن لِرُقِيكَ حَتَّىٰ تُنزِل عَلَيْنَا كِتَابًا تَقْرَوُهُ أَوْ قُلْ السَّمَاءِ وَلَن تُؤمِن لِرُقِيكَ حَتَّىٰ تُنزِل عَلَيْنَا كِتَابًا تَقْرَوُهُ أَوْ أَلُول اللّهِ مَن رَبّى هَلْ كُنت اللّهِ اللّه اللللّه اللّه اللّه اللّه اللّه اللّه اللّه اللّه اللّه اللّه الللّه اللّه اللّه اللّه اللّه اللّه اللللّه الللّه اللّه اللّه اللّه

অর্থ: (কাফির মুশরিকরা) বলে: আমরা কখনো তোমার প্রতি ঈমান আনবোনা, যতোক্ষণ না তুমি ভূমি থেকে আমাদের জন্যে একটি বাগান হবে, যার ফাঁকে করবে, অথবা তোমার খেভুর ও আংগুরের একটি বাগান হবে, যার ফাঁকে ফাঁকে তুমি অনেক ননী নালা, ঝরণাধারা প্রবাহিত করে নেবে, অথবা তুমি যেমন বলে থাকা, সে অনুযায়ী আকাশকে খণ্ডবিখণ্ড করে আমাদের উপর ফেলবে, অথবা আল্লাহকে এবং ফেরেশতাদেরকে আমাদের সম্বুখে এনে উপস্থিত করাবে, অথবা তোমার ফর্ণ হারা নির্মিত একটি ঘর হবে, অথবা তুমি আকাশে আরোহন করবে, কিন্তু তোমার ঐ আরোহনকে আমানে প্রতাক্ষণ পর্যন্ত বিশ্বাস করেবো না, যতোক্ষণ না তুমি ওখান থেকে আমাদের প্রতি একটি কিতাব নাযিল করবে যা আমরা পাঠ করবো। (হে নবী!) তুমি বলো: অতিশয় পবিত্র ও মহান আমার প্রভু! আমি কি একজন মানুষ রস্ল ছাড়া আর কিছু? (সূরা ১৭ ইসরা: আয়াত ৯০-৯৩)

১৪. অনেক লোক নিজের আখিরাতের মুক্তির প্রচেষ্টা ছেড়ে দিয়ে পীর প্রালির শাকায়াতের আশায় মনগড়াভাবে তাদের খুশি করার চেষ্টা করছে। -এতে কি কোনো হুল পাওয়া যাবে?

প্রশ্ন হলো, যার শাক্ষয়াতে পার পাওয়ার আশায় আপনি বুক বেঁধে আছেন, তার মুক্তির ব্যবস্থা করবে কে? তার বেহেশত কি নিশ্চিত? কে দিলো আপনাকে এই নিশ্চয়তা? ব্যাপারটা মনে হয় যেনো এমন যে, আপনার পীর অলির বেহেশতের নিশ্চয়তা দিচ্ছেন আপনি, আর আপনার মুক্তির দায়-দায়িত্ব পীরের বা অলির!

মুক্তির এই সহজ সুন্দর ব্যবস্থা থাকতে মানুষ আল্লাহর কিতাব এবং নবীর অনুসরগের ঝামেলা পোহাতে যাবে কেন?

শাঝায়াতের উদ্দেশ্যে মৃত কিংবা জীবিত লোকদের সাজদা করা, তানের কাছে প্রার্থনা করা, ফরিয়াদ করা, মাত্রত করা, তাদেরকে উসিলা ধরা, তাদেরকে ধ্যান করা -এসবই শিরক। আপনি নিজের মুক্তির ব্যবস্থা নিজে না করলে তারা আপনার কোনোই উপকার করতে পারবে নাঃ

وَيَعْبُدُونَ مِن دُونِ اللّهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنفُعُهُمْ وَيَقُولُونَ هَا مَنفُعُهُمْ وَيَقُولُونَ هَا وَلَا يَنفُعُهُمْ وَيَقُولُونَ هَا وَلَا يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْلَّرْضِ * سُبْحَانهُ وَتَعَالَىٰ عَمَّا يُشْرَكُونَ • السَّمَاوَاتِ وَلَا فِي الْلَّرْضِ * سُبْحَانهُ وَتَعَالَىٰ عَمَّا يُشْرَكُونَ •

অর্থ: তারা আল্লাহ ছাড়া আর যাদের ইবানত করে, মেদিন তারা তাদের ফভিও করতে পারবে না, উপকারও করতে পারবে না। তারা বলে: আল্লাহর কাছে এরা আমাদের শাফায়াতকারী। হে নবী বলো: তোমরা কি আল্লাহকে আকাশ ও পৃথিবীর এমন কিছু সংবান নিচ্ছো, যা তিনি জানেন না? তিনি পবিত্র, তারা তাঁর সাথে যাদের শরিক করে তাদের থেকে তিনি জনেক উর্ধেব। (স্রা ১০ ইউনুদ: আয়াত ১৮)

মনে রাখবেন, আপনার অলি জার পীর তো দূরের কথা, সেদিন জিবরাইল পর্যন্ত আল্লাহর অনুমতি ছাড়া টু শব্দটি করতে পারবে নাঃ

يَوْمَ بَقُومُ الرُّوحُ وَالْمَلَائِكَةُ صَفًّا اللَّهُ لَا يَتَكَلَّمُونَ إِلَّا مَنْ أَذِنَ لَهُ الرَّحْمَانُ وَقَالَ صَوَابًا

অর্থ: সেদিন রূহ (জিবরিল) এবং সকল ফেরেশতা সারিবদ্ধ হয়ে দাঁড়িয়ে থাকবে। দরাময় রহমান যাকে অনুমতি দেবেন, সে ছাড়া কেউই টু শব্দটিও করতে পারবে না। আর অনুমতিপ্রাপ্ত ব্যক্তি যা বলবে একেবারে ন্যায় ও ন্যায্য কথা বলবে। (সূরা ৭৮ আন নাবা: আয়াত ৩৮)

وَلَا يَشْفَعُونَ إِلَّا لِسَنِ ارْتَضَى وَهُم مِّنْ حَشْيَتِهِ مُشْفِقُونَ অর্থ: তারা (জনুমতি প্রান্তরা) সুপারিশ করবে তথু ঐসব লোকদের জন্যে যাদের প্রতি তিনি (আল্লাহ) সম্ভষ্ট, আর তারা নিজেরাই তো তাঁর ভয়ে ভীত সম্ভম্ভ থাকেব। (সূরা ২১ আদিয়া: আয়াত ২৮) ২৮ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ডুল

১৫. অনেকে মনে করে, কেরামতি প্রদর্শন করা অলি আল্লাহ হ্বার প্রমাণ -এটা কি সঠিক?

এটা একেবারেই ভ্রান্ত কথা! কেরামতির সাথে অলি আল্রাহর কি সম্পর্ক?

সাহাবীগণ, তাবেয়ীগণ, ইমাম আবু হানিকা, ইমাম শাকেয়ী, ইমাম আহমদ, ইমাম মালেক, ইমাম মুহান্দদ, আবু ইউসুফ, ইমাম বুথারি, ইমাম মুসলিম তাঁরা কেউই কেরামতি প্রদর্শন করেন নাই।

মুসলিম উন্মতের মধ্যে এদের চাইতে বড় ব্যুর্গ বা অলি আর কেউ আছে কি? কেরামতি প্রদর্শন করে বুযুর্গি প্রমাণ করা আল্লাহর রস্লের সূত্রত নর।

কেরামতির নামে সমাজে অনেক বানোয়াট কাহিনী প্রচলিত আছে। এগুলোতে কান দেয়া ঈমানদারের বৈশিষ্ট্য নয়।

১৬. দরগাহ এবং মাযারের মধ্যে পার্থক্য কি? দরগাহ এবং মাযারকে শরিফ বলা যাবে কি? যেমন দরগাহ শরিফ, মাযার শরিফ। দরগাহ এবং মাযারের প্রতি সম্মান প্রদর্শন করা জায়েয় আছে কি?

দরগাহ ফারসি শব্দ। মাযার আরবি শব্দ। উভয় শব্দের একই অর্থ। অর্থাৎ পরিদর্শনের স্থান, দর্শণীয় স্থান, রাজসভা। -এওলো হলো আভিধানিক অর্থ।

প্রচলিত অর্থে দরগাহ এবং মাযার মানে- বুযুর্গ বা পুণ্যবান ব্যক্তির সমাধি।
আমাদের উপমহাদেশে যে কোনো কিছুর সাথে শরিক শব্দটি ব্যবহার করা
হয়। শব্দটি বাবহার করা একটা বাতিকে পরিণত হয়েছে।

শরিফ মানে-মর্যাদাবান, সন্মানার্হ, অভিজাত, তর ।

সাধারণত কোনো কিছুর সাথে শরিক কথাটি জুড়ে দেয়া হয় শ্রদ্ধা এবং সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে।

তাই কোনো কোনো ক্ষত্রে 'শরিক' প্রয়োগ করা জায়েয। যেমন: কুরআন শরিক, কাবা শরিক, হারাম শরিক, হানিস শরিক, খানকা শরিক।

উল্লেখিত ক্ষেত্র সমূহে যেরূপ সম্মান, শ্রন্ধা ও ভক্তি প্রকাশার্থে শরিক শব্দতি ব্যবহার করা হয়, অনুরূপ ভক্তি শ্রন্ধা ও সম্মান প্রদর্শনার্থে নিম্নোক্ত ক্ষেত্রে শরিক শব্দ প্রয়োগ একেবারে না জায়েয়ে। যেমনঃ মাযার শরিক, দরগাহ শরিক, উরস শরিক, আজমীর শরিক। এর কারণ হলো, ইসলামে প্রথমোজগুলো ঈমান, আকিদা এবং ক্রআন সুন্নাহর ভিত্তিতেই সম্মানার্হ। কিন্তু শেষোজগুলোর প্রতি ভক্তি শ্রদ্ধা প্রকাশ করা ঈমান আকিদার সাথে সাংঘর্ষিক। বরং অনেক ক্ষেত্রেই শিরক।

১৭. দেখা যায়: কিছু লোক মৃত পীর বা অলি বুযুর্ণের নাম ধরে ভেকে বা তাদের কবরে গিয়ে তাদের কাছে সন্তান প্রার্থনা করে, সমস্যা ও বালা মুসিবত দূর করার প্রার্থনা করে। -এসব ব্যাপারে ইসলামের বক্তব্য কি?

এসব কাজ যারা করে, তারা মৃত ব্যক্তিদেরকে জীবিত মনে করে এবং খোদায়ী ক্ষমতার অধিকারী বলে ধারণা করে।

সুতরাং একাজ অকাট্য শিরক।

ইসলামি দৃষ্টিভংগি হলো- মৃতরা মৃতই। তারা কারো কোনো লাভ বা ক্ষতি করতে পারেনা। আর কোনো মানুবই খোদারী ক্ষমতার অধিকারী নর। দোরা, প্রার্থনা, ফরিয়াদ সরাসরি ওধুমাত্র আল্লাহর কাছেই করতে হবে এবং কেবল তাঁর ক্লুছেই ঢাইতে হবে।

১৮. অনেকে মৃত ব্যক্তিদের জন্যে দাঁড়িয়ে নিরবতা পালন করে। এটা ইসলামের দৃষ্টিতে কেমন?

মৃত ব্যক্তিদের জন্যে দাঁভ়িয়ে নিরবতা পালন করা ইসলামি রীতি নয়। এটা অন্য ধর্মের রীতি।

কোনো মুসলিম অন্য ধর্মের রীতি অনুসরণ করতে পারেনা।

ইসলাম মৃত ব্যক্তিদের প্রতি কর্তব্য পালনের সুস্পষ্ট বিধান দিয়েছে। তাহলো-

- তাদের জন্যে দয়াময় আল্লাহর কাছে দোয়া করা, ক্ষমা প্রার্থনা করা।
- তাদের উত্তম কর্মসমূহের প্রশংসা করা এবং অনুসরণ করা।
- তাদের কথা স্মরণ ইলে লিজের মৃত্যুর কথা স্মরণ করা।
- তাদের আঙ্মীয় স্বজন ও বন্ধু বাদ্ধবদের সাথে তালো ব্যবহার করা।

১৯. বলা হয়: আমাদের নবী নূরের তৈরি। তাঁকে সৃষ্টি করা না হলে বিশ্ব জগতই সৃষ্টি করা হতো না। সর্বপ্রথম তাঁর নূর সৃষ্টি করা হয়েছে। -এসব কথা কি সঠিক?

এসব কথা প্রচার করার জন্য জাল এবং বানোয়াট হাদিস তৈরি করা হয়েছে। এসব কথার সাথে মুহাম্মাদুর রস্লুল্লাহ সা. এবং তাঁর সৃষ্টি ও জগত সৃষ্টির কোনো সম্পর্ক নেই।

সাধারণ ওয়ায়েষরা তাহকিক না করেই এসব কথা বলে বেড়ায়।

৩০ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

কুরআন বলছে: আদম এবং আদম সন্তানরা সকলেই মাটির তৈরি। (সূরা ৩০ আর ব্লম: আয়াত ২০)

মাটিতে যদি নূর থেকে থাকে,তবে তা আদম, ইবরাহিম, মূসা, মূহান্মদ এবং অন্যান্য আম্বিয়া আলাইহিমুস সালামের মধ্যেও ছিলো। তেমনি নমরূদ, ফেরাউন, আবু জেহেল এবং অন্যান্য চরম আল্লাহদ্রোহীদের মধ্যেও ছিলো। কারণ সকল মানুষের সৃষ্টিগত উপাদান একই। (সূরা ৭৬ আদ সাহার: আয়াত ২)

কুরআন বলছে: সর্বপ্রথম আদমকে সৃষ্টি করা হয়েছে। তারপর তার থেকে সৃষ্টি করা হয়েছে সকল মানুষকে। (সূত্রা ৪ আন নিসা: আরাত ১)

সুতরাং সর্বপ্রথম মুহাম্মদ সা.-কে নয়, আদমকে সৃষ্টি করা হয়েছে।

বিশ্বজগত সৃষ্টির সাথে মুহাম্মদকে সৃষ্টি করার কোনোই সম্পর্ক নাই। মানুষ সৃষ্টির লক্ষ কোটি বছর আগেই বিশ্বজগত সৃষ্টি করা হয়েছে। সুতরাং এসব কথাই কুরআনের বিরোধী,মিথ্যা এবং বর্জনীয়।

২০. মিলাদে বলা হয়-মুহাম্মদ সা.-এর ভূমিষ্ট হবার সময় তাঁর মায়ের কাছে বিবি আছিয়া ও বিবি মরিয়ম হাথির হয়েছিলেন-একথা কতোটা সত্য?

একথা ঘোড়ার ডিমের মতোই সত্য।

যারা এ ধরণের অজ্ঞতার মিলাদ পড়েন, তাদের মুর্যতার জন্যে শয়তানের আনন্দের ইয়ন্তা নেই।

মরা মানুষদের প্রতি অলৌকিক ক্ষমতা আরোপকরীরা শয়তানের শিষ্য শাগরেন।

২৯. কিছু লোক বলে বেড়ায় নবী এবং অলীগণ গায়েব জানেন। -এ স্ব্যাপারে ইসলামের দৃষ্টিভংগি কি?

নবীগণ যে গায়েব জানতেন না-সেকথা কুরআন মজিদে অকাট্যভাবে বলে দেয়া হয়েছে এবং বার বার বলা হয়েছে।

সর্বশেষ নবী, বিশ্বনবী মুহাম্মন রসূলুলাহ সা.-এর অবস্থা লক্ষ্য করুন। মহান আল্লাহ বলেনঃ

قُل لَّا أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرَّا إِلَّا مَا شَاءَ اللَّهُ ۚ وَلَوْ كُنتُ أَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكَّفَرْتُ مِنَ الْحَيْرِ وَمَا مَسَّنِيَ السُّوءُ

অর্থ: হে নবী! তাদের বলো: "আল্লাহ্ বা চাব্ তাছাড়া আমার নিজের ভালো মন্দের বিষয়টিও আমার ক্ষমতার মধ্যে নাই। আমি যদি গারেব জানতামই, তবে তো আমি নিজের প্রভুত কল্যাণ সাধন করে নিতাম এবং কোনো মন্দাই আমাকে স্পর্শ করতোনা।" (সূরা ৭ আরাক: আয়াত ১৮৮) এবার ভেবে দেখুন, এই যদি হয় আল্লাহর রস্ত্রের গায়ের জানার অবস্থা, তবে তাঁর তুলনায় অলি, যুযুর্গ, পীর দরবেশরা কোন্ খানে।

গায়ের শুধুমাত্র আল্লাহর জন্যে নির্ধারিত। রস্ত্র সা, যা কিছু বলেছেন সবই অহির মাধ্যমে বলেছেন।

矣. অনেকে পৃথিবীকে বিশ্ব ব্ৰহ্মান্ত্য' বলে। -এটা কি বলা যায়?

এক আল্লাহর প্রতি বিশ্বাসী কোনো ব্যক্তি কোনো অবস্থাতেই পৃথিবীকে ব্রক্ষান্তা বলতে পারেন না। কারণ, এটা একটা শির্রিক আকিদা।

ব্রহ্মান্ড্য মানে-ব্রহ্মা দেবীর ভিম। হিন্দু শাস্ত্র অনুযায়ী শিবের সাথে অবৈধ মিলনের ফলে ব্রহ্মা গর্ভবতী হয়ে পড়ে। তখন এজগত ছিলো মহাসমূহ । ব্রহ্ম তার গর্ভ প্রসরের সময় মহা সমুদ্রের মাঝখানে একটা বিশাল আন্তা প্রস্ব করে।

ব্রক্ষার সেই আভার নামই ব্রক্ষাভ্য- যাকে পৃথিবী বলা হয়। হিন্দু শান্ত্র অনুযায়ী পৃথিবী হলো সেই ব্রক্ষাভ্য।

জানিনা, আধুনিক জ্ঞান বিজ্ঞানে শিক্ষিত হিন্দু পভিতরা এখনো এই বিশ্বাস ধারণ করেন কিনা?

তবে কিছু মুসলমান না জেনে বুঝেই পৃথিবীকে ব্ৰহ্মান্ত্য ধলে থাকেন।

২৩. আপনি কেমন আছেন? জবাবে বলা হয় : আল্লাহ রসূলের দোয়ায় ডালো আছি। পীর আওলিয়ার দোয়ায় ভালো আছি। আপনার/আপনাদের দোয়ায় ডালো আছি।

এই সবগুলো জবাবই ভুল। জাপনি কারো দোয়ায় ভালো আছেন কিনা-তাতো আপনি জানেন না। -সুতরাং জবাব সত্য নয়।

আপনি মূলত আল্লাহর দয়া ও রহমতে ভালো আছেন, তাই বলুন: 'আলহামনুলিল্লাহ' আমি ভালো আছি।

আল্লাহর দোয়ায় ভালো আছি একথাটাও ঠিক নয়, সঠিক হলো: আল্লাহর রহমতে ভালো আছি।

২৪. আমি নিজ চোখে দেখেছি একজন পীরকে তার অনুসারীরা সাজদা করে, উপুড় হরে তার পায়ে চুমু খায় এবং কান্নাকাটি করে তার কাছে প্রার্থনা করে। -এ সম্পর্কে ইসলাম কী বলে?

আল্লাহ ছাড়া আর কাউকেও সাজদা করা নিবিদ্ধ। অনেকে বলেন, সম্মানার্থে সাজদা জায়েয়। তারা কুরআনের ভুল ব্যাখ্যা করেন এবং মনগড়া কথা বলেন।

৩২ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

সম্মানার্থে যদি কাউকেও সাজনা করা জায়েয় হতো, তাহলে সাহারীগণ আল্লাহর রস্লকে সাজদা করতেন। কারণ মানুষের মধ্যে তাঁর চাইতে অধিক সম্মান পাওয়ার যোগ্য আর কে?

মুহান্দন রস্পুলাহ সা.-এর শরিয়তে আল্লাহ ছাড়া আর কাউকেও সাজনা করা সম্পূর্ণ নিষিদ্ধ। -একাজ শিরক।

সাজনা ওধুমাত্র আল্লাহকেই করতে হবে:

فَاسْجُدُوا للَّه وَاعْبُدُوا

অর্থ: সূতরাং কেবল আল্লাহকে সাজনা করো এবং কেবল তাঁরই ইবাদত করো। (আল কুরুআন, সূরা আন নজম: আয়াত ৬২)

রসূল সা. কেও সাজনা করার প্রস্তাব করা হয়েছিল। তিনি তা প্রত্যাখ্যান করেন, নিষিদ্ধ করেন। তিনি বলেন: "মানুষকে সাজনা করা যদি বৈধ হতো তবে নারীকে নির্দেশ দিতাম তার স্বামীকে সাজনা করতে।"

২৫. বলা হয়: আদম আ. ভূল করার পর আগ্রাহর আরশের নিচে আগ্রাহর নামের পাশে মুহাম্মদ রস্পুলাহর নাম দেখতে পান। তখন তিনি মুহাম্মদ রস্পুলাহর উসিলা ধরে আগ্রাহর কাছে ক্ষমা চাইলে আগ্রাহ তাকে মাক করে দেন। -একথা কি ঠিক?

এসব কথা ভিত্তিহীন। হাদিসের নামে এসব বানানো কথা। একথাণ্ডলো কুরআনের সাথে সাংঘর্ষিক।

আদম আ. ভ্ল করার সাথে সাথে অনুতপ্ত হন। কিন্তু আপ্রাহ্র কাছে ক্ষমা চাওয়ার ভাষা তাঁর জানা ছিলোনা। কুরআন বলছে, তখন আল্লাহর পক্ষ থেকে তাকে কিছু বাণী পৌছনো হয় এবং তিনি সেই বাণীগুলো উচ্চারণ করে আল্লাহর কাছে ক্ষমা চান:

فَتَلَقَّىٰ آدَمُ مِن رَّبِهِ كَلِمَاتِ فَتَابِ عَلَيْهِ ﴿ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ عَلَيْهِ وَإِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ عَلَيْهِ وَاللَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ عَلَيْهِ وَهُمَ اللَّهُ هُوَ التَّوَابُ الرَّحِيمُ عَلَيْهِ وَهُمَ اللَّهُ عَلَيْهِ اللَّهُ عَلَيْهِ وَهُمَ اللَّهُ عَلَيْهُ وَهُمُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ وَاللَّهُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ وَمُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ وَاللَّهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَاكُمُ عَلَيْهِ عَلَاهُ عَلَيْهُ عَلَاهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْكُ عَلِيهُ ع

সূরা আ'রাকে আল্লাহ্র নিকট থেকে প্রাপ্ত সেই কথাগুলো উদ্ধৃত হয়েছে। সে কথাগুলো শিখে নিয়ে আদম ও হাওয়া আল্লাহর কাছে নোয়া করলেন:

رَبُّنَا ظُلَمْنَا أَنفُسَنَا وَإِن لُّمْ تَغْفَرْ لَنَا وَتَرْحَمُنَا لَنَكُونَنَّ مِنَ الْحَاسرينَ

অর্থ: আমাদের প্রভূ! আমরা নিজেদের প্রতি অন্যায় অবিচার করেছি। এখন তুমি যদি আমাদের ক্ষমা না করো এবং আমাদের প্রতি দয়া না করো, তবে তো আমরা ক্ষতিগ্রন্তদের অন্তর্ভুক্ত হরে পড়বো। (স্রা ৭ আরাফ: আয়াত ২৩)

আদম আলাইহিস সালামের সেই দোয়া সুস্পষ্টভাবে কুরআনে উদ্ধৃত হয়েছে। কিন্তু ভাতে কাউকেও উসিলা বানিয়ে দোয়া করা হয়নি।

সুতরাং তাঁর উসিলা ধরে দোয়া করার বিষয়টি একেবারেই ভ্রান্ত, মনগড়া কথা ।

২৬. আমাদের এলাকায় মাঝে মধ্যে এক লেংটা পীর আসে। তার পরনে এক দেড় ইঞ্চি পাশের একটি লেংটি প্বাকে মাত্র। তার মধ্যে নাকি বিরাট মাজেযা আছে। তার থেকে ফু ইত্যাদি নেয়ার জন্যে তার কাছে নারী পুরুষের ভীড় জমে যায়। সত্যি কি এ ধরণের লোকদের মধ্যে কোনো মাজেযা আছে?

তার মধ্যে মাজেয়া যতোটুকু ছিলো, সবটা তো সে প্রকাশই করে নিরেছে। আর গেংটির ভেতর কি আছে তাতো সবাই জানে। এই লেংটি আর লেংটির ভেতর যা আছে তার বাইরে কোনো যাজেয়া তার কাছে নেই।

ঐ লোকটা একটা নিকৃষ্ট লম্পট ছাড়া আর কিছুই নয়। সে মুসলিম তো নরই, সে মানুষের সংজ্ঞায়ও পড়েনা। সে পশুর চাইতেও অধম। এরা সমাজে বের হলে এদের পেটানো উচিত।

আইন প্রয়োগকারী সংস্থার উচিত এদের বস্ত্র পরতে বাধ্য করা, নইলে বন্দি করে রাখা।

২৭. কবর যিয়ারতের উদ্দেশ্যে সম্বর করা কি বৈধ?

কবর যিয়ারতের অনুমতি ইসলামি শরিয়তে আছে। রসূল সা. মুমিনদেরকে নিজের মৃত্যুর কথা স্মরণ করার উদ্দেশ্যে কবর যিয়ারতের অনুমতি দিয়েছেন। তবে কোনো নবী, অলি, বুষুর্গ ব্যক্তির কবর যিয়ারতের উদ্দেশ্যে সফর করা বৈধ নয়। বসল সা, বলেছেন:

لاَ تَشَدُّوُا الرَّخَالِ الاَ الٰي ثَلَثَةِ مُسَاجِدٍ ، مُسْجِدُ الْحَرَامِ وَمُسْجِدِيٌ هَٰذَا وَالْمُسْجِدِ الْمُقَصَّى (بُخَارِيُّ وَ مُسْلِم)

অর্থ: (সওয়াব, নেকী, ইবাদত ও আল্লাহ্র নৈকট্য লাভের উদ্দেশ্যে) তোমরা সফর করোনা; তবে ওধুমাত্র ভিনটি মসজিদের উদ্দেশ্যে সফর করা বাবে। সেগুলো হলো: ১. মসজিদুল হারাম, ২. আমার মসজিদ এবং ৩. মসজিদুল আকসা। (সহীহ বুখারি ও মুসলিম) ৩৪ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল

২৮. রহানি কয়েয কি? সাধারণত রহানি করেয় লাভের উদ্দেশ্যে মৃত পীর বুযুর্গদের কবর যিয়ারত করা হয় এবং তাদেরকে ধ্যান করা হয়।

জয়েয়ে আরবি শব্দ । এর অর্থ: দয়া, দান, সমৃদ্ধি । রহানি কয়েথ মানে- আত্রিক দয়া, দান ও সমৃদ্ধি ।

যারা মৃত পীর বুর্গদের কবর থেকে, কিংবা তালেরকে ধ্যানের মাধ্যমে তাদের থেকে রহানি করেয় লাভ করার চেষ্টা করে, তারা স্ম্পষ্ট গোমরাহিতে নিমজ্জিত। এ ধরনের করেয় হাসিলের কোনো ভিত্তি নেই। আল্লাহর রসূল সা. এবং সাহাবীগণ এ ধরনের কয়েয় হাসিল করার কোনো পথের সন্ধান দিয়ে যাননি। এটা বিদ্যাত এবং শিরক।

২৯. রস্লের কবরে সালাম দেয়ার উদ্দেশ্যে মদিনার যাওয়া কি জায়েয। অনেক হাজীই রস্লের কবরে সালাম দেয়ার উদ্দেশ্যে মক্কা থেকে মদিনার যান। রস্লের কবরে সালাম দেয়ার উদ্দেশ্যে মদিনায় যাওয়া নিষেধ। এ সম্পর্কে

যতো কথাই বলা হয়, সৰই দ্ৰান্ত মনগভা কথা।

হজ্ঞ করতে গেলে মদিনা যাওয়া জরুরি নয়। মদিনায় যাওয়া হাজুর অংশ নয়।
তবে যারা মদিনায় যান, তাদের উচিত মসজিদে নববাতে সালাত আসায়ের
নিয়াতে মদিনায় যাওয়া, অন্য কোনো নিয়াতে নয়। নবার কবর বিয়ারত,
কবরে সালাম দেয়া, কয়েয নেয়া, নবার কাছে কিছু চাওয়া ইত্যাদি উদ্দেশ্যে
মদিনায় যাওয়া ইসলামে নিষিক।

৩০. কিছু কিছু লোকের কাছে গায়েবি ইলম আছে বলে প্রচার করা হয়। এটা কি সত্য?

এ কথা আবারো আমরা পরিদার করে জানিয়ে দিচিছ, ভুরআন সুস্পইভাবে জানিয়ে দিয়েছে, আল্লাহ ছাড়া আর কেউই গায়েব জানে না:

- छें। धे प्रेमें के कुं के प्रिक्त कि हों। पी पी पी के हिंदी के प्रिक्त कि हों। प्रेमें के के कि हों। प्रेमें के कि हों। प्रिक्त कि हों। प्रिक्त कि हों। प्रक्ति कि कि हों। प्रक्ति कि कि हों। प्रक्ति कि कि हों। प्रक्ति हों। प्रक्ति
- ৩১. ঈসা আ. যেহেত্ নবী, সে জন্যে তাঁর ব্যাপারে আমাদের সঠিক আফিনা পোষণ করতে হবে। খৃস্টানরা যে তাকে আম্লাহর পুত্র বলে, সে কথা যে ডাহা মিখ্যা তা তো আমাদের কাছে পরিষ্কার। কিন্তু তাঁর ক্রশবিদ্ধ হয়ে মৃত্যুর বিষয়টি কি সত্য?

ঈসা আ,-এর ক্রশবিদ্ধ হবার বিষয়টি ডাহা মিথ্যা, ফেমন তাঁর আল্লাহর পুত্র হবার বিষয়টি ভাহা মিথ্যা। খৃষ্টানদের যে গোষ্টাটি ঈসা আ. ক্রুশবিদ্ধ হয়ে মারা গেছেন বলে প্রচার করে তারা নেহায়েতই অনুমানের ভিত্তিতে একথা প্রচার করে। ঈসা আলাইহিস সালামই যে ক্রুশবিদ্ধ হয়েছেন একথা নিশ্চিত করে তারাও বলতে পারেনা।

এ সন্দেহের সুস্পষ্ট সমাধান দিয়েছে আল কুরআন। কুরআন বলে দিয়েছে:

وَبِكُفْرِهِمْ وَقَوْلِهِمْ عَلَىٰ مَرْيَمَ بُهُنَانَا غَفِلِيمًا • وَقَوْلِهِمْ إِنَّا فَتَلْنَا الْمُسْيِحَ عِيسَى ابْنَ مَرْيَمَ رَسُولَ اللهِ وَمَا قَتَلُوهُ وَمَا صَلَبُوهُ وَلَا اللهِ وَمَا قَتَلُوهُ وَمَا صَلَبُوهُ وَلَا اللهِ وَمَا قَتَلُوهُ وَمَا صَلَبُوهُ وَلَا اللهُ مَنْ عَلْمَ إِلَّا اتّبَاعَ الظُّنِّ وَمَا قَتَلُوهُ يَقِينًا • بَل رَّفَعَهُ اللهُ إِلَّا هُمَ مَنْ عَلْمِ إِلَّا اتّبَاعَ الظُّنِ وَمَا قَتَلُوهُ يَقِينًا • بَل رَّفَعَهُ اللهُ إِلَيْهُ وَكَانَ اللهُ عَزيزًا حَكِيمًا •

অর্থ: এবং তারা অভিশপ্ত হয়েছে তাদের কুফুরির কারণে মরিরমের বিরুদ্ধে জনন্য অপবাদ রটিয়ে, আর 'আমরা আল্লাহ্র রসূল মরিয়ম পূত্র ঈসকে হত্যা করেছি" একথা রটানোর কারণে। অথচ তারা তাকে হত্যাও করে নাই, জুশবিদ্ধও করে নাই, কিন্তু তাদের এ রকম বিভ্রম হয়েছিল। যারা তার (ঈসার) সম্পর্কে মতভেদে লিপ্ত হয়েছিল, তারা অবশ্যি (তাকে হত্যার ব্যাপারে) সংশয়ে ছিলো। অনুমানের পিছে ছুটা ছাড়া এ বিষয়ে তাদের কোনো অবপতিই ছিলোনা। এটা নিশ্চিত য়ে, তারা তাকে হত্যা করে নাই। বরং আল্লাহ তাকে তাঁর নিকট তুলে নিয়েছেন এবং আল্লাহ কর্ম সম্পাদনে পরাক্রমশালী মহাকৌশলী। (স্বা ৪ নিমা: আয়াত ১৫৬-১৫৮)

৩২, কিছু লোক মনে করে রস্ল সা. মিলাদ মাহকিলে উপস্থিত হন। -এ ধারণা কি ঠিক?

এটা নিতান্তই জাহেলি ধারণা। এই জাহেলি ধারণার ভিত্তিতে যদি কেউ বিশ্বাস করে যে, রসূল সা. মিলাল বা অন্য কোনো মাহফিলে উপস্থিত হন, তবে এ ধারণা কুমুরি এবং শিরক।

ইসলামের সুস্পষ্ট আকিদা হলো, রসূল সা.-এর মৃত্যু হয়েছে। সকল মৃতদের মতোই তিনি মৃত। সকল মৃতদের মতোই তিনি পৃথিবীর সাথে সম্পর্ক রাখতে অক্ষম।

নিশেক্ত বিষয়গুলোও আফিনাগত বড় বড় ভ্রান্তি:

- ৩৩. কবরে বাতি দেয়া বিদ্যাত এবং পাপ।
- ৩৪, কবরের মাটি গায়ে মাখা বিদআত ও শিরক।
- ৩৫. কবর তওয়াম্ব করা বিদআত এবং শিরক।
- ৩৬. কবরের দিকে মুখ করে সালাত আদায় করা শিরক।

- ৩৬ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল
- ৩৭. আল্লাহ ছাড়া আর কারো উপাসনা এবং অর্চনা করা শিরক।
- ৩৮. অদি, বুযুর্গ, দরগাহ, মাযার ইত্যাদির নামে পণ্ড মানুত করা এবং কুরবানি করা শিরক।
- ৩৯. আদ্মাহর আইনের বিপরীত আইন প্রণয়ন করা এবং পালন করা কুফুরি।
- ৪০. কাউকেও আল্লাহর সমতুল্য বা আল্লাহর চাইতে বেশি ভালোবাসা ফাসেকি।
- ৪১. আল্লাহ কোনো অলি, পীর বা বুযুর্গের কথা ভনতে বাধ্য- এ ধারণা পোষণ করা শিরক।
- 8২. গণকগিরি করা শিরক।

কুরআন সংক্রান্ত ভ্রান্তি

৪৩. একজন ক্রআনের আমলকারী হাফেয তার পরিবারের দশজন মানুষের জন্যে শাফায়াত করবে -একথা কি ঠিক?

একথাটি হাদিস গ্রন্থ সুনানে তিরমিয়িতে উল্লেখ আছে। অধ্যার: বাবু ফাদায়েলিল কুরআন।

একটি সূত্র থেকে ইমাম তিরমিয়িকে জালালো হয়েছিল এটি নবীর হাদিস। কিন্তু সূত্রটি নির্ভরযোগ্য ছিলোনা।

তাই ইমাম তিরিমিধি তাঁর গ্রন্থে সূত্রসহ একথাটি উল্লেখ করার সাথে সাথে সূত্রটি যে জয়ীক ও দুর্বল তাও বলে দিয়েছেন।

কিন্তু তারপরেও জাহিল এবং অবিবেচক লোকেরা একথাটিকে বিওদ্ধ হাদিসের মর্চেই গ্রহণ করে এবং প্রচার করে।

প্রিপ্তি . আমাদের দেশের সাধারণ মুসলমানগণ না বুঝেই ক্রআন তিলাওয়াত করেন। অনেকেই প্রতিদিন কিছু অংশ তিলাওয়াত করেন, খতম করেন, এবং জীবনে বহুবার খতম করেন। অধিকাংশ হাফেযই না বুঝে ক্রআন তিলাওয়াত করেন, খতম করেন, শবিনা পড়েন। না বুঝে ক্রআন পড়ার মধ্যে কি কোনো সোয়াব আছে?

এক্ষেত্রে প্রথমেই দেখতে হবে ঝুরআন নাহিলের উদ্দেশ্য কী? ঝুরআন নাধিলের উদ্দেশ্য সম্পর্কে স্বয়ং ঝুরআনই বলেছে:

- ১. মানৰ জাতিকে অন্ধকার থেকে আলোতে আনা : (আল কুলআন ১৪:১)
- ২. মানব জাতিকে জীবন যাপনের সঠিক পথ প্রদর্শন। (আল কুরমান ১:১৮৫) এই উদ্দেশ্যের দাবি হলো:
- ১. কুরআন বুঝা এবং
- ২. কুরআনের অনুসরণ করা।

কুরআন মজিদের সাথে মুমিনের যতো সোয়াব ও নেকি জড়িত সবই এই দুটির সাথে জড়িত। অর্থাৎ বুঝার সাথে এবং অনুসরণ করার সাথে।

যিনি না বুঝে কুরআন পাঠ করেন, ভার উপমা হলো ঐ ব্যক্তির মতো, যিনি গুনেছেন রস্পুলাহ সা. আতর ভালোবাসতেন। তাই তিনি প্রতিদিন কিছু সময় আতরের দোকানে গিয়ে বসে আসেন। কিন্তু তিনি আতর কিনে ব্যবহার করেন না। ফলে তিনি প্রতিদিন কিছু সময় নিজে আতরের আণ পান। কিন্তু তার থেকে কেউ আতরের আণ পায় না। তিনি নিজেও সব সময় আতরের আণ পান না।

পক্ষান্তরে যিনি তুরআন বুঝেন এবং কুরআনের জ্ঞানর্জন করেন, তার ছিন্তা, ধ্যান ধারণা এবং চরিত্র ও কর্মে সর সময় সেই জ্ঞান প্রকৃতিত ও বিকশিত থাকে। ফলে সর্বক্ষণ তিনি নিজ্ঞেও সুরভিত থাকেন এবং অন্যেরাও তার সুবাসে সুবাসিত হন।

আমাদের দেশে যেসব নিরক্ষর বা কল্প শিক্ষিত নারী পুরুষ ক্রজান তিলাওয়াত করতে শিখেন এবং নিয়মিত তিলাওয়াত করেন, কুরজানের প্রতি তানের জাগ্রহ, কুরজানেকে তালবাসা এবং তিলাওয়াত করার কারণে তারা অবশ্যি সওয়াব পাবেন।

কিন্তু বেসব মুসলিম সময় শ্রম ও অর্থ ব্যায় করে শিক্ষিত হয়েছেন, বিভিন্ন ভাষা ও বিষয়ে শিক্ষা লাভ করেছেন, জ্ঞান ও মেধা খাটিয়ে চাকরি কিংবা ব্যবসা করছেন, বেবুঝ কুরআন তিলাওয়াতের জন্য তাদের কিছু শোরাব হলেও কুরআন বুঝার চেষ্টা না করার জন্যে, এবং এর জন্যে সময় শ্রম অর্থ ও মেধা নিয়োজিত না করার জন্যে তারা পাকভাও থেকে রেহাই পাবেন কি?

র্মেও. সাধারণত লোকেরা সওয়াব হাসিল এবং কুরআনের প্রতি সন্মান ও ভালোবাসা প্রকাশের উদ্দেশ্যে প্রতিদিন না বুঝে কুরআন তিলাওয়াত করে, সন্মানের সাথে চুমু খেরে মাথার উপর তাকে উঠিয়ে রাখে। এটা কি কুরআনের প্রতি সন্মান প্রদর্শন ও কুরআন থেকে সওয়াব হাসিলের সঠিক পদ্ধতি? তা না হলে সঠিক পদ্ধতি কী?

এগুলো কুরজান থেকে সওয়াব হাসিল এবং কুরআনের প্রতি সম্মান প্রদর্শনের সঠিক পদ্ধতি নয়।

কুরআনের প্রতি সম্মান প্রদর্শন এবং কুরআন থেকে সওয়াব হাসিলের সঠিক পদ্ধতি হলো:

- ১. ক্রুআন মজিদ পাঠ করতে শিখা এবং নিয়মিত পাঠ করা।
- २. क्त्रजान जाना এবং वृता।
- ৩. কুরআন মানা এবং অনুসরণ করা।
- ৪. যারা বুরআন জানে না তাদেরকে বুরআন শিক্ষা দান বরা।
- ৫. মানুষকে কুরআনের দিকে আহ্বান জানানো।

৬. পরিবার, সমাজ, ব্যবসা বাণিজ্যসহ সকল ক্ষেত্রে কুরঝানের বিধান প্রবর্তনের প্রচেষ্টা চালানো।

৪৬. একদল লোক ক্রআনের অর্থ ও তফসির পড়তে নিষেধ করে। তারা বলে, ক্রআন ব্ঝা সাধারণ লোকদের কাজ নয়, (বড় বড় আলেম উলামার কাজ)। তারা আরো বলে, সাধারণ লোকেরা ক্রআনের অর্থ ও তফসির পড়লে বিভ্রান্ত হবে। -এসব কথা কি ঠিক?

এসব কথা সরাসরি কুরআনের বিরুদ্ধে এবং রসূলুক্রাহ সা.-এর সুরতের বিরুদ্ধে । এসব কথা যদি কেউ বলে থাকে এবং যারাই বলে, অবশ্যি তারা বিভ্রান্তিতে আছে এবং শয়তানের ধোকায় পতে আছে ।

অর্থ: তারা কি ক্রআন অনুধাবনের চেষ্টা করে না? নাকি তানের দিলসমূহ তালাবন্ধ? (সূরা মুহাম্মন: ২৪)

وَلَقَدْ يَسَرَّنَا الْقُرْآنَ لِلذَّكْرِ فَهَلْ مِن مُّدَّكِر

অর্থ: আমরা কুরআনকে বুঝার ও উপদেশ গ্রহণ করার জন্যে সহজ করে দিয়েছি। কেউ কি আছে উপদেশ গ্রহণকারী? (সূরা ৫৪ আল কামার: আয়াত ৪০)

রসূলুল্লাহ সা. বলেছেন: "তোমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি সে, যে কুরআনের ইলম অর্জন করে এবং মানুষকে কুরআনের ইলম শিক্ষা দের ।" (মিশকাত)

৪৭ অনেকে কুরআন শিখে তাবিজ বানায় এবং সে তাবিজ যেখানে সেখানে ব্যবহার করে। এটা কি জায়েয়?

তাবিজ বানানোর জন্যে তুরআন নাথিল হয়নি। এটা রস্লুলুাই সা.-এর সুন্নতের ধ্রুলাফ। এ ধরনের কাজ তিনি করেনি। সাহাসীগণও করেননি:

মুমিনদেরকে এ ধরনের কাজ থেকে বিরত থাকা উচিত।

৪৮. বাজার থেকে কুরআন শরিফ কিনে আনলে দেখা যায় অনেক কুরআন শরিফের শুরুতে তাবিজ লেখা আছে। এণ্ডলো দেখে অনেক সাধারণ মানুব মনে করে কুরআন শরিফ তাবিজ তুমারের কিতাব। অনেক ইমাম মুয়াজ্জিনও তাই মনে করে এবং তারা সেণ্ডলো লিখে তাবিজ তুমার দেয়।-এসব কি বৈধ?

এগুলো বৈধ হবার প্রশ্নই উঠেনা।

যারা আল্লাহ্র কালামের ওরুতে তাবিজ লিখে ছাপিয়ে দিয়েছে, তারা জঘন্য পাপের কাজ করেছে। তাবিজতি করার উদ্দেশ্যেই অনেকে ঐ প্রকাশকদের কুরআন শরিকণ্ডলো কিনে। বেশি ব্যবসার উদ্দেশ্যেই তারা কুরআন শরিকে তাবিজ ছাপে।

এরা মূলত কুরআন দ্বারা ব্যবসা করে।

কুরআনে এদের কঠিন শান্তির কথা উল্লেখ আছে। (দ্রষ্টব্য : সূরা আল বাকারা : আয়াত ১৭৪-১৭৫)

৪৯. লোকেরা সাধারণত অযু ও পবিত্রতা ছাড়া কুরআন মজিদ তিলাওয়াত করে না এবং স্পর্শ করে না। -এটা,কি সঠিক?

অযু ও পবিত্রতা ছাড়া কুরআন মজিদ পড়া এবং স্পর্শ করা যাবে না- একথার পক্ষে কুরআন হাদিসে কোনো বিশুদ্ধ দলিল নেই।

মুমিনদের তো সব সমরই কুরআন মজিদ ধরা এবং পড়ার প্রয়োজন হয়।
কুরআন মজিদ তো মুমিনদের জীবন যাপনের ম্যানুরেল এবং গাইডবুক।
সূতরাং তারা এক মুহূর্তও কুরআন থেকে দূরে থাকতে পারে না। কিন্তু সর্বক্ষণ
অয় ও পবিত্রতা ধরে রাখা অত্যন্ত কঠিন, জটিল ও অস্বাভাবিক।

আর কুরআন মজিল ধরা পড়ার জন্যে অযু এবং পবিত্রতা যদি জরুরিই হতো তবে আল্লাহ অবশ্যি কুরআন মজিদে তা বলে দিতেন, যেমন নামাযের জন্যে অযু ও পবিত্রতার কথা পরিকার করে বলে দিয়েছেন (এইব্য সূরা আল মারিদা আয়াত ৬)। রসূলুল্লাহ সা. নিজেও তাঁর সুত্রতের মধ্যে কুরআন পাঠ এবং স্পর্শ করার জন্যে অযু ও পবিত্রতার বিধান স্পষ্টভাবে জারি করতেন, যেভাবে করেছেন নামাযের জন্যে।

ক্কীহণণ এ প্রসঙ্গে নিজস্বভাবে যেসব মতামত দিরেছেন, তাতে তাদের মধ্যে প্রচণ্ড মতভেদ লক্ষ্য করা যায়।

অন্যদিকে আল ভুরআন তো মুসলিম অমুসলিম সকল মানুষের কিতাব।

অমুসলিম ও মুশরিকরা কুরআন ধরা ও পড়ার জন্যে কিভাবে অযু করবে এবং পবিত্র হবে? কারণ অযু এবং পবিত্রতার বিধান তো ওধু মুদিনদের জন্যে, অমুসলিমদের জন্যে নর?

নাকি অযুসলিমদেরকে ভ্রতান থেকে দূরে রাখা হবে? এবং তাদেরকে ভ্রতান ধরতে এবং পড়তে নিষেধ করা হবে?

অথচ মহান আল্লাহ আল কুরআন তাদের জন্যেও নাখিল করেছেন, ওধু মুসলিমদের জন্যে নয়।

১৮০. দেখা যায়, কেউ মারা গেলে তার কবরের পাশে বসে কুরআন পতিলাওয়াত করা হয় বা করানো হয়। এতে কি মৃত ব্যক্তির কোনো ফারদা হয়?

কবরের পাশে বসে কুরআন তিলাওয়াত করার প্রচলন আল্লাহর রস্লও চালু করেন নাই। সাহাবীগণও একাজ করেন নাই। এ কাজ সুরুতের খেলাক।

জীবিতদের কুরআন তিলাওয়াত দ্বারা মৃতদের কোনো কায়দা হওয়ার সুযোগ নেই। কারণ দুনিয়ার সাথে মৃত ব্যক্তির সকল সম্পর্ক ছিন্ন হয়ে গেছে।

তবে কেউ কোনো ভালো কাজ করে মৃত ব্যক্তির আমল নামার সেটার নেকী পৌছানোর জন্যে যদি আল্লাহর কাছে দোরা করে, সে রকম দোরা করা জায়েয আছে বলে আলেমগণ মত দিয়েছেন। কিন্তু তাতে মৃত ব্যক্তির কার্যা হবে কিন্যু/তা আল্লাহই ভালো জানেন।

৫১. আমাদের দেশে বিভিন্ন উপলক্ষ কেন্দ্রিক ক্রআন খতম করার রেওয়াজ চালু আছে। কেউ মারা গেলে ক্রআন খতম করা হয়, কোনো বিশেষ উদ্দেশ্যে নিয়াত করে বা মানুত করে করে ক্রআন খতম করা হয়, শবিনা খতম করা হয়। এগুলোর কি কোনো ভিত্তি আছে?

কুরআন মজিদ তিলাওয়াত করা, তিলাওয়াত করে শেষ করা, একবার শেষ করে আবার ওরু থেকে তিলাওয়াত করা, বারবার তিলাওয়াত করে শেষ করা অবশ্যি নেক কাজ।

কিন্তু রস্লুলাহ সা. কারো মৃত্যুতে ক্রআন খতম করেন নাই, করতে বলেন নাই। তিনি উদ্দেশ্য হাসিলের জন্যে কুরআন খতম করেন নাই, করতে বলেন নাই। তিনি শবিনা খতম করেন নাই, করতে বলেন নাই। তিনি আনুষ্ঠানিকভাবে কুরআন খতম করার কোনো রেওয়াজ চালু করেন নাই। সাহাবীগণও এ ধরনের কাজ করেন নাই।

একজন সাহাবী প্রতি রাত্রে পুরো ক্রআন শেষ করেন-একথা শুনে রস্লুলাহ সা. তাঁকে তাকেন এবং এক রাতে ক্রআন খতম করতে নিষেধ করে দেন। স্তরাং স্মতের খেলাপ পদ্ধতি ত্যাগ করে সুম্নত পদ্ধতিতে ত্রআন তিলাওয়াত করা উচিত।

জাহেলী ধ্যান ধারণা

৫২. আমাদের দেশে বিভিন্ন বালা মসিবত দ্র করা এবং নিয়্যত পূরণ করার উদ্দেশ্যে দোয়া ইউনুস খতম করা হয়। খতমে তাহলীল করা হয়। লোক ভেকে এনে অথবা বিভিন্নজনকে ভাগ করে দিয়ে এক লক্ষ বার এইসব কলেমা পাঠ করা হয়। এর কি কোনো ভিত্তি আছে? এই ধরনের খতমের তিত্তি হলো ধারণা অনুমান। আর অনুমান হলো ছড়ি ছাড়া অন্ধ্য লোকের পথ চলার মতো।

কুরআন বা সুন্নায় এ ধরনের থতমের কোনো ভিত্তি নেই। এগুলো মনগড়া প্রথা। ইসলাম ধারণা অনুমানের উপর প্রতিষ্ঠিত নয়, ইসলাম কুরআন সুন্নাহর ভিত্তির উপর প্রতিষ্ঠিত। -এসব কাজ সুন্নতের খেলাক।

ঠি সাধারণত লোকেরা মনে করে, মুসলমানরা বেহেশতে যাবে আর ইন্দুরা দোষধে যাবে। -এ ধারণা কি ঠিক? সব মুসলমানই কি বেহেশতে যাবে?

বেহেশতে যাওয়ার ব্যাপারে হিন্দু, বৌদ্ধ, ইহুদি, খৃষ্টান, সাদা, কালো, আরব অনারব নেই। কারা বেহেশতে যাবে, আর কারা দোষধে যাবে-তা কুরআন মজিদে বলে দেয়া হয়েছে।

যে কোনো মানব সন্তানই বেহেশতে যেতে পারবেন-যদি তিনি:

- ১. আল্লাহর প্রতি ঈমান আনেন এবং তাঁর সাথে কাউকেও শরিক না করেন;
- २. कूत्रजान निर्मिनिज जन्माना विषयात প্রতি ঈমান जातनः
- অ. মুহাম্মদ সা.-কে আল্লাহর সর্বশেষ নবী ও রস্ল মেনে নেন এবং তাঁকে পরিপূর্ণ অনুসরণ করেন;
- 8. নামায, যাকাত, রোয়া, হজ্জসহ জুরজান সুন্নাহ নির্দেশিত ইসলামের সকল বিধান নিষ্ঠার সাথে পালন করেন:
- প্রান্থর এবং আল্লাহর রস্লের সকল আদেশ নিখেব পালন করেন। হালালকে হালাল হিসেবে গ্রহণ করেন এবং হারামকে হারাম মেনে নিয়ে তা বর্জন করেন:
- ৬. ইসলামের যরে পরিপূর্ণভাবে প্রবেশ করেন এবং
- এক আল্লাহর সম্ভন্তি অর্জন আর পরকালীন নাজাত ও সাফল্যকে জীবনের লক্ষ্য হিসেবে গ্রহণ করেন।

এই শর্তগুলো পূর্ণ করলে জাতি, ধর্ম, বর্ণ, কূল, গোত্র নির্বিশেষে যে কোনো ব্যক্তি বেহেশতে যেতে পারবে।

এই শর্তগুলো মেনে নিয়ে জারবের মুশরিক, ইহুদি, খৃষ্টান এবং জন্যান্য ধর্মের লোকেরা নবীর সাথি হয়েছিলেন এবং তারা বেহেশতে যাবেন।

অন্যদিকে এই শর্তগুলো পূরণ না করলে মুসলমানের সন্তান হলেও, এমনকি নবীর সন্তান হলেও কেই বেহেশতে যেতে পারবেনা। এ কারণেই-

আমাদের নবীর চাচা আবু তালিব ও আবু লাহাব, ইবরাহিম আ.-এর পিতা আযর, নৃহ আ.-এর ছেলে কিনান, নৃহ ও লৃত-এই নবীগণের দুই স্ত্রী -এরা

নবীদের নিকটজন হয়েও জান্নাতে যেতে পারবেনা। অথচ বড্ড কাঞ্চির ফেরাউনের স্ত্রী আছিয়া জান্নাতে যাবেন।

- ৫৪. সিহাহ সিন্তায় উল্লেখ আছে, তাই সহীহ- এটা কি সঠিক কথা? এটি সাংঘাতিক একটি ভুল কথা। কারণ,
- যে ছয়টি গ্রন্থকে সিহাহ সিন্তা বলা হয়, সেওলোর মধ্যে বুখারি ও মুসলিম ছাড়া বাকি চারজন ইয়াম নিজেরাই তাদের গ্রন্থগুলোকে সহীহ হাদিসের গ্রন্থ হিসেবে সংকলন করেন নাই। সে চারটি গ্রন্থ হলো: সুনানে তিরমিথি, সুনানে নাসাঈ, সুনানে আরু দাউদ এবং সুনানে ইবনে মাজাহ।
- হাদিসের সহীহ সংকলন করার দাবি করেছেন ওধুরাত্র ইমাম বুখারি, ইমাম
 রুসলিম, ইমাম ইবনে খুলাইমা, ইমাম ইবনে হিববান, ইমাম দারা কৃতনী,
 ইমাম হাকিম এবং ইমাম যিয়াউদ্দীন য়াকদিসী।
- কিন্তু বিশেষজ্ঞ মুহান্দিসগণের বিশ্লেষণে বুখারি এবং মুসলিম ছাড়া বাকি সকল
 গ্রন্থেই সহীহ হাদিসের সাথে সাথে যয়ীক এবং জাল হাদিসও রয়েছে।
- হানিস বিশারনগণ সকল গ্রন্থ থেকে যারীফ এবং জাল হাদিস সমূহ চিহ্নিত করে আলাদা গ্রন্থাবলী সংকলন করেছেন।
- ৫. অধিকাংশ জরীফ ও জাল হানিস তৈরি করা হয়েছে মর্যাদা ও ফখিলত বর্ণনার ক্ষেত্রে।
- ৬. অনেক লেখক, ওয়ায়েয এবং অবিবেচক আলেম তাদের বই পুস্তক এবং ওয়ায নসিহতে ষয়ীফ ও জাল হাদিস উল্লেখ করেন। এতে সাধারণ মানুষ বিভ্রান্ত হয়।
- (१९८), কিছু সৃষ্টি সাধক ইল্মকে দুইভাগে ভাগ করেন, যাহেরি ইল্ম ও বাতেনি ইল্ম। তারা বলেন, বাতেনি ইল্ম কুরজান হাদিসের ইল্ম থেকে পৃথক। কঠোর সাধনার মাধ্যমেই কেবল এই ইল্ম লাভ করা যায়। এটাকে তারা রহানি ইল্মও বলে থাকেন। জাবার কেউ কেউ এটাকে ইল্মে লাদুনিও বলেন। -ইল্মের এই বিভাগ এবং বাতেনি ইল্মের সত্যতা সম্পর্কে জানতে চাই।

কুরআন হাদিসে ইল্মকে হাছেরি ও বাতেনি নামে কোনো প্রকার ভাগ করা হয়নি। ক্রহানি ইল্ম এবং ইলমে লাদুব্লির অস্তিত্ত কুরআন হাদিসে নেই।

মনে রাখবেন, কুরজান সুন্নাহ পরিপূর্ণ ও নিখুঁত (perfect) জ্ঞানভাভার । এর বাইরে ইসলামি জ্ঞানের কোনো অস্তিত্ব নেই। বাকি সবকিছুর মানদভ (criterion) কুরজান সুন্নাহ :

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتَّمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا •

অর্থ: আজ আমি তোমাদের জন্যে তোমাদের দীনকে পূর্ণান্স (perfect) করে দিলাম, তোমাদের প্রতি সম্পূর্ণ (complete) করে দিলাম আমার অনুগ্রহ (অহি) এবং তোমাদের দীন মনোনীত করলাম ইসলামকে। (স্রা ৫ মানে: এয়াও ৩)

ইসলামকে জানা বুঝা, মানা অনুসরণ করা এবং আল্লাহ্র সাথে সম্পর্ক স্থাপন ও উন্নত করার জন্যে এর বাইরে আর কোনো ইল্মের অন্তিত্ব নেই। আল্লাহ পাক সুস্পট নির্দেশ দিয়েছেন:

অর্থ: তোমাদের রব-এর পক্ষ থেকে তোমাদের কাছে যা নাখিল করা হয়েছে, তোমরা কেবল তারই অনুসরণ করো এবং তাঁকে ছাড়া অন্য অলিদের অনুসরণ করোনা। তবে, তোমরা খুব কমই উপদেশ গ্রহণ করো। (সুবা ৭ আরাফ আলাত ৩)

অর্থ: এসব লোঝ ওধু ধারণা জনুমানেরই অনুসরণ করে। সত্য জ্ঞানের বর্তমানে ধারণা জনুমানের কোনো মূল্যই নেই। (সৃদ্ধা ৫৩ আন নজম: আয়াত ২৮। আরো দ্রষ্টব্য: ৩:৭, ৬:১১৬, ১০:৬৬, ৫৩:২৩)

সুতরাং কুরআন সুন্নাহ্র বাইরে যদি কোনো ইসলামি জ্ঞান বা জ্ঞানোৎসের দাবি করা হয়, তবে তা অবশ্যি মনগড়া অথবা শয়তানের প্ররোচনা।

৫৬. মজবে ১৩০ ফর্য পড়ানো হয়। ১৩০ ফর্যের সূত্র কি? তাতে চার মাযহাবকেও চার ফর্য বলা হয়।

১৩০ করযের কোনো ভিন্তি নেই। মাষহাব মানা করম তো নরই। এমনকি সুন্নতও নয়।

এটি একটি ভুল শিক্ষা মুদলিম সমাজে প্রবেশ করেছে।

৫৭. আজকাল ব্যাপকভাবে জন্ম বার্ষিকী ও মৃত্যু বার্ষিকী পালন করার তোড়জোড় দেখা যায়। নিজের, সন্তানের, পীর ব্যুর্গের, পিতা মাতার ও নেতাদের মৃত্যু বার্ষিকী পালন করা হয়। এটা বৈধ কি?

জন্ম মৃত্যু বার্ষিকী পালন করা ইসলামি রেওয়াজ নয়। আল্লাহ্র রসূল এটা করেননি। সাহাবীগণ রসূলের এবং তাদের নিজেদের জন্ম মৃত্যু বার্ষিকী পালন করেননি। এসব উপলক্ষে তাঁরা কোনো প্রকার অনুষ্ঠাননির আয়োজন করেননি।

স্তরাং জন্ম মৃত্যু বার্ষিকী পালন করা একটা বিদ'আত, এমনকি সে অনুষ্ঠানে যদি কুরআন তিলাওয়াত, ধর্মীয় আলোচনা এবং দোয়ার আয়োজনও করা হয়।

তবে মৃত ব্যক্তিদের উত্তম গুণাবলী সব সময়ই আলোচনা হতে পারে এবং তাদের জন্যে সব সময়ই দোয়া করা যেতে পারে। বিদ্ঞাত ওধু জন্ম মৃত্যুর তারিখে বা উপলক্ষে অনুষ্ঠান করা বা বার্ষিকী পালন করা।

৫৮. গ্রামে গঞ্জে দেখা যায় নৈতিক অপরাধের জন্যে কতোয়া দিয়ে কিংবা সালিশি করে ছেলে বা মেয়েদেরকে, বিশেষ করে মেয়েদেরকে দোররা মারা হয়। এটা কি বৈধ?

যিনা-ব্যভিচার বা অনৈতিক ও জন্মীল কাজের জন্যে গ্রামে গঞ্জে বিচিহন্ন কতোয়া দিয়ে বা সালিশি করে দশু প্রয়োগ করার অনুমতি ইসলামে নেই।

ইসলামি নিয়মানুযায়ী যে কোনো দশুযোগ্য অপরাধের জন্যে অপরাধীকে শান্তি প্রদানের দায়িত্ব হলো সরকারের।

এর নিয়ম হলো, যে কোনো অপরাধের জন্যে-

- সরকারি বা সরকার অনুমোদিত আদালতে অভিযোগ (মকদ্রমা) দায়ের করতে হবে।
- ২. ঘটনা প্রত্যক্ষকারী নির্ধারিত সংখ্যক সাক্ষী থাকতে হবে।
- ৩. প্রশাসনের সহযোগিতার আদালত কর্তৃক ঘটনা তদন্ত করতে হবে।
- অভপর সাক্ষ্য ও প্রমাণের ভিত্তিতে বিধি অনুযায়ী আদালত কর্তৃক অভিযুক্তের শান্তি হবে ।
- ৫. উপযুক্ত সাক্ষ্য প্রমাণ না পাওয়া গেলে অভিযুক্ত অভিযোগ থেকে রেহাই পারে।
- এ নিয়মের বরখেলাফ করে জন্য কোনো ভাবে দন্ত প্রয়োগ করার জনুমতি ইসলামে নেই।

তবে পিতা মাতা, অভিভাবক এবং শিক্ষক কর্তৃক সন্তান, অধীনস্ত এবং ছাত্রদেরকে শিক্ষা প্রদান ও সন্তর্ক করার জন্যে কোনো লঘু শাস্তি প্রদান (তাযীর) করা হলে তা বৈধ।

৫৯. আমাদের দেশে বিশাল আয়োজনের সাথে শবে বরাত পালন করা হয়, এতে অনুষ্ঠানাদি করা হয়, ছেলে মেয়েদের মধ্যে বিরাট তোড়জোড় দেখা যায়, ঐ রাত্রে কবরস্থানে যাওয়া হয়। বিশেষ ধরণের নামায পড়া হয়, রুটি বিলানো হয়। -এগুলোর কি কোনো ভিত্তি আছে? শবে বরাত নামে কোনো অনুষ্ঠান বা ইবাদত অনুষ্ঠান ইসলামে নেই। করেকটি হাদিদে শাবান মাসের ১৪ তারিখ দিবাগত রাত্রের কিছু ফবিলত বর্ণনা করা হয়েছে। এই হাদিস কু'টি <u>সবই জয়ীক</u>।

ব্লসূল সা. এই রাত্রের জন্যে কোনো বিশেষ ইবাদত বা নামায় নির্ধারণ করেননি। এই নির্দিষ্ট দিনই গরিবদেরকে রুটি বিলাতে হবে, এমনটিও তিনি নির্ধারণ করেননি।

সূতরাং ঐ রাত্রের জন্যে বিশেষভাবে নির্ধারণ করে কোনো বিশেষ ইবাদত, নামায়, দান সদকা, অনুষ্ঠানাদি ইত্যাদি করা বিদ'আত।

৬০. আমাদের সমাজে ব্যাপকভাবে মিলাদের প্রচলন আছে। জীবনে, মরণে, বিপদে মুসিবতে, আয়োজনে, উরোধনে মিলাদ পড়ানো হয়। মিলাদ পড়া বা মিলাদ মাহফিল করা কি জায়েয?

আমানের সমাজে যে মিলান প্রচলিত আছে, রসূল সা. এ মিলাদের প্রচলন করেননি। সাহাবারে কিরামও করেননি, তাবেরীগণও করেননি। অতীতের ইমাম মুজতাহিদরাও করেননি।

জ্ঞানা যায়, কোনো এক ফালিক বাদশাহ কর্তৃক মিলাদের প্রচলন ওরং হয়।

এ ব্যাপারে সুস্পষ্ট কথা হলো, এমন কোনো কাজই ইসলামের ধর্মীর কাজ নয়, যা আল্লাহর রসূল সা. চালু করেন নাই এবং সাহাবীগণও চালু করেন নাই।

এ ধরণের কোনো কাজকে ইসলামের ধর্মীয় কাজ মনে করে, ইবাদতের কাজ মনে করে, সওয়াধের কাজ মনে করে, নেকীর কাজ মনে করে পালন করা সুস্পষ্ট বিদ'আত।

৬১. অনেকে বিভিন্ন কথা লিখে এবং কুরআনের আয়াত লিখেও গলায় তাবিজ তুমার ঝুলায়, কোমরে বাধে, ঘরে ঝুলিয়ে রাখে। এগুলো কি বৈধ? এতে কি রোগ সারে?

এগুলোতে রোগ সারে কিনা চিকিৎসকরা বলাতে পারবেন। তবে আল্লাহ্র রসূল একাজ করেননি। সাহাবীগণও করেননি।

বরং রসূল সা. কারো গলায় তাবিজ তুমার দেখলে রাগান্বিত হতেন। তিনি তাবিজ তুমার নিতে নিষেধ করে দিয়েছেন। দৃষ্টিভংগি অনুধায়ী কোনো কোনো ক্ষেত্রে তাবিজ তুমার মানুহকে শিরকে নিমজ্জিত করে।

তবে কুরআন পড়ে ফু দেয়ার অনুমতি আছে। একবার একদল সাহাবী একাজ করলে রসূল সা. অনুমোদন দিয়েছিলেন। ড়িখ্ব, যদিও পীরদের মাধ্যমে বহু শতানী ধরে আমাদের দেশে দীনের আলো নিজু নিজু হলেও জুলে আসছে; কিন্তু একথা সুস্পষ্ট যে আমাদের সমাজে যতো শিরক ও বিদ্যাত প্রচলিত হয়েছে তার অধিকাংশই পীর মুরিদীর মাধ্যমে প্রচলিত হয়েছে। পীর মুরিদী সম্পর্কে বলা হর হয়- পীর ধরা এবং মুরিদ হওয়া ফরয়। আসলে পীর মুরিদী কি ইসলামে বৈধ? পীর মুরিদীর সিলসিলা আল্লাহর রস্ল চালু করেন নাই, সাহাবীগণও চালু করেন নাই। ইসলামের ইতিহাসে কোনো বড় আলেম উলামা পীরগীরি করেন নাই। জাহিল এবং অর্ধ আলেম লোকেরাই নিজেদের পীর দাবি করে, পীরের দিকে লোকদের আহবান করে এবং মুরিদ হর ও মুরিদ বানায়। তারা পীর ধরা করয় বলে প্রচার করে। তারা কুরআন মজিদের 'ওয়াবতাও ইলাইহিল অসিলা'- এই আয়াভাংশকে পীর ধরার প্রমাণ হিসেবে পেশ করে। অর্থচ এই আয়াভাংশের সাথে পীর ধরার কোনো প্রকার সম্পর্ক নেই। ইসলামের কোনো বিজ্ঞ আলেম এ আয়াতের এ রকম ব্যাখ্যা করেননি। বর্তমানে মুসলিম সমাজে পীর মুরিদীর বে সিলসিলা চালু আছে তা সুস্পইভাবে বিদ'আত।

একথাও সত্য, পীর মুরিদীর নামে সমাজে শিরক এবং বিদআত চালু করা হচ্ছে এবং ধরে রাখা হচ্ছে।

মুসলিম সমাজকে শিরক ও বিদজাত পরিহার করে কুরআন সুগ্লাহ্র দিকে কিরে আসতে হবে। তাদেরকে কুরআন বুঝতে হবে এবং কুরআন সুগ্লাহ্র অনুসরণ করে চলতে হবে। রসুল সা, বলেছেনঃ

"আমি তোমানের মধ্যে দুটো জিনিস রেখে যাচিছ, এদুটোকে আঁকড়ে ধরলে তোমরা কথনো বিপথগামী হবেনা। তার একটি আল্লাহ্র কিতাব (আল কুরআন) আর অপরটি তাঁর রস্লের স্নাহ।" (সূত্র: মুসনানে আহমদ। বিদায় হজ্জের ভাষণের অংশ)

জনেক ভালো পীরের মাধ্যমে ইসলামের বেশ খেদমত হরেছে। সাধারণ মানুষ্যুৰ্ক তারা নামায় রোষা করতে উদ্বুদ্ধ করেছেন। কিন্তু পরবর্তীতে পীর মুব্লিদী একটা ব্যবসা বাণিজ্যে পরিণত হয়েছে।

৬৩. কোনো ব্যক্তি পীর নামে খ্যাতি অর্জন করলে তার ছেলে শাহ কিংবা সাহেবজাদা উপাধি ধারণ করে এবং তার মৃত্যুর পর তার ছেলে বা বড় ছেলে গন্ধিনশীন পীর হয়ে বসে। -এভাবে গন্ধীনশীন হওয়া কি জায়েয? পীরগিরি যদি কোনো ব্যবসা প্রতিষ্ঠান, কিংবা জমিদারি হয়ে থাকে, তবে পীরের

পারাগার যদি কোনো ব্যবসা প্রতিষ্ঠান, কিংবা জামনার হয়ে থাকে, তবে পারের ছেলের গন্ধিনশীন হবার একটা কারণ থাকে। কিন্তু ইসলাম এবং ইসলাম প্রচারের নামে ছেলে পিতার গন্ধিনশীন হবার বিধান ইসলামে নেই।

ব্রটা সুস্পষ্ট বিদ্যাত। এ পস্থার সাথে ইসুলামের কোনো সম্পর্ক নেই:

৬৪. পীরের হাতে বায়াত করা কি জরুরি?

কুরআনে উল্লেখ আছে (সূরা আল ফাত্হ) রসূল সা. হুলাইবিয়ার সন্ধির প্রাক্তালে সাহাবীগণ থেকে বায়াত (নিজের জীবনকে আল্লাহর কাছে বিক্রি করে দেরার প্রতিজ্ঞা) গ্রহণ করেছিলেন আল্লাহ্র পথে সংগ্রাম করা এবং জীবন উৎসর্গ করার জন্যে। এছাড়া সাহাবীগণ খোলাফায়ে রাশেদীনের কাছে তাদের নির্দেশ পালন করার বারাত করেছিলেন। পীরের হাতে বায়াত করার কোনো ভিত্তি নেই। আর পীর মুরিদীই তো বিদআত।

৬৫. কিছু লোক বুযুর্গ ব্যক্তিদের কবরকে 'রওজা' বলে। এমনকি 'রওজা শরিফ' 'রওজা পাক' এবং 'রওজা মোবারক' বলে থাকে। তারা রস্পুলাহ সা.-এর কবরকেও 'রওজা' বা 'রওজা মোবারক' 'রওজা পাক' 'রওজা শরিক' বলে থাকে। -এ ব্যাপারে ইসলামের দৃষ্টিভংগি কি?

রওজা আরবি শব্দ। এর অর্থ- বাগান বা উদ্যান। রস্নুলাহ সা, বলেছেন: "আমার ঘর এবং আমার মিদ্ধরের মধ্যবর্তী স্থানটি রওজাতুম মিন রিয়াজিল জারাত- জারাতের রওজাসমূহের একটি রওজা।"

কুরত্বান বা হাদিসে কোথাও কবরকে রওজা বলা হয় নাই। সাহাবীগণও বলেন নাই, তাবেয়ীগণও বলেন নাই।

সূতরাং যারা পুণ্যবান ব্যক্তিগণের ফবরকে 'রওজা পাক', 'রওজা মোবারক' বা 'রওজা শরিক' বলে, তা কবরের প্রতি ভক্তি শ্রদ্ধা প্রকাশের জন্যেই বলে। এই ভক্তি শ্রদ্ধার বিষয়টি তাদের আকিদা বিশ্বাদে পরিণত হয়ে যায়। ফলে এটা শিরক পর্যন্ত পারে।

কবরকে অন্য কিছু বলা উচিত নয়। কবরকে কবর বলাই ইসলামি পরিভাষা। কবরকে দরগাহ, মাযার, রওজা বলা পরিত্যাগ করুন। শেরিফ তো নয়ই।

৬৬. অনেকে মনে করে, নবীকে স্বপ্নে দেখা বুযুগীর লক্ষণ। একথা কি ঠিক? নবীকে স্বপ্নে দেখা যদি বুযুগীর লক্ষণ হয়, তবে যে আবু লাহাব আবু জাহলর। তাঁকে বাওবে দেখেছে, তারা কতো বড় বুযুগ!

কেউ যদি সত্যিই রসূল সা. কে স্বপ্নে দেখে, তবে তার উচিত আল্লাহর ওকরিয়া আদায় করা । এতে আল্লাভৃত্তির কিছু নেই ।

ব্যাপার এমনো হয় থে, অনেক লোককে শয়তান এসে বলেঃ আমি আল্লাহর রসূল, তোমাকে এই এই অসিয়ত করছি।

এই ভাবে শয়তান জাহিল লোকদের বিভ্রান্ত করে।

আল্লাহর রসুলকে বাস্তবে না দেখার কারণে স্বপ্ন ভ্রষ্টার কাছে যে এসেছে, সে কি শয়তান, নাকি আল্লাহর রসুল তা নির্ণয় করা অনেকের পক্ষেই সম্ভব নয়।

৬৭. পিতা, মাতা বা আত্মীয় স্বজন মারা গেলে জীবিত ছেলে মেরেরা বা আত্মীয় স্বজন তাদের জন্যে আলেম উলামা ডেকে দোয়া করান। কুলখানি,

কাতেহা খানি ইত্যাদি করান। ঢারিদনা, চল্লিশা ইত্যাদি করান। এওলো কি জায়েয? এওলো দ্বারা মৃত ব্যক্তিরা কি সওয়াব লাভ করেন?

আল্লাহর রসূল এগুলো চালু করেন নাই। সাহারীগণও এমধ কাজ করেননি। এসব অনুষ্ঠান সুন্ধতের খেলাফ।

চারদিনা, চল্লিশা, জুলখানির অনুষ্ঠান, ফাতেহাখানির অনুষ্ঠান ইত্যাদি তো মুসলমানদের গলায় কাঁটার মালা।

এঙলো লোকেরা উদ্ভাবন করেছে এবং ধর্মের লেবাছ পরিয়ে মুসলিম সমাজে চালু করেছে।

এ ব্যপারে কুরআন হাদিদের সুস্পষ্ট বক্তবা হলোঃ মানুমের মৃত্যু হলে দুনিয়ার সাথে তার সকল আমল ছিত্র হয়ে যায়। তবে তিনটি নেক আমলের সওয়াব তার আমলনামায় যুক্ত হতে থাকে। সেগুলো হলোঃ

- তিনি যদি কেককার দীনদার সন্তান রেখে যায এবং তারা যদি তার জন্যে দোয়া করে, তবে তিনি সে দোয়ার ফল পাবেন।
- ২, তিনি যদি পীনের জ্ঞান শিক্ষা দিয়ে বা প্রচার প্রসার কবে গিয়ে থাকেন, তা ব্যক্তি ও প্রজন্ম পরস্পরায় যতেদিন হস্তাতর, চর্চা ও আমল হতে থাকেনে, তিনি তা থেকে সওয়াব হাসিল করতে থাকবেন।
- ৩. তিনি যদি জনৰুল্যাণে কোনো স্থায়ী কাজ করে গিয়ে থাকেন, তবে জনগণ যতোদিন তা থেকে উপকৃত হতে থাকবে, তিনি ততোদিন তা থেকে সঙয়ান হাসিল করবেন।

७৮. निशाजा कि मुजनमान?

শিয়া হল ইছন। অপুরাহ ইবনু সাবার অকিদার অনুসারী একটি বিদয় ৩০৪ দ্রান্ত দল। আপুরাহ ইবনু সাবা অলী রাদিয়ারাছ আনছকে আরাহ বলে উক্তি করত। তাদের অলেকের অকিদা হল আলী হলেন আরাহ আর তিনি মুহামান সারারাছ আল ইহি ওয়া সারামকে রাসূল করে পাহিরেছেন, আমরা তাদের এসব শিরক পেকে অল্লাহর উর্ব মর্মান ও পবিএতা মোলণা করছি। এরাই আরু বকর, উমর, উসমান রাদিউল্লাছ আনছমকে পালি গালাজ করে। তাদের কেউবা অবু বকর, উমরকে কাকের মুরতাদ বলে। কেবনা তাদের কথায় এ দু'জনের কারণে আলী রাদিয়ারাছ আনছকে বিভাৱ করার জন্য নবীর বংশবর বলে আলী রাদিয়ারাছ আনছকে তির্বে ত্লে অল্লাহর মর্মানায় অসীন করল। এদের একদলকে আলী রাদিয়ারাছ আনছকে তারে ফিলাফ তকালে পুড়িরে হতা করেছিলেন। ইবনু সাবা অলেপার জন্য রক্ষা পেরেছিল। অত্পর মে বালে চলে যায়। আমরা আলী, হাসান, হোসাইন, ফাতিয়া র দিয়ারাছ আনহাত আর কিয়ারাছ আনহাত আর কিয়ারাছ

তাঁরা আমাদের প্রাণের ট্করা এতে কোন সদেহ নেই।তাদেরকে যারা ভালে বাসরে একই কারণে তারা আবু বকরে, উমরা, উময়ান সহ সকল সাহাবীকে সমানভাবে ভালে বাসরে, তাদের কারে প্রতিই বিশ্বেষ পোষণ করবে না। এতি ভালে বাসা কোন ভালোবাসাই নয়। বরং এটা ভালোবাসার পাএকে নিন্দিত করার নামান্তর। বাংলাদেশে এক সময় কারব লা দিবসের হায় হোসাইন, হায় হোসাইন চিহকার, তাজিয়া, ইয়া আলী ভংকার, স্কীবাদ, পারব দের ছড়ছড়ি, গাউস-কুত্ব, খাজা বাবা, কবর পূজা, নবা, ভলা আউলিয়াদের প্রতি আলাহর মত করে ভিজি গ্রন্ধা এসব বিশ্রান্তি এসেছে অনেকটাই ফারসি ভাষা ও শিয়া সংস্কৃতির মাধ্যমে।

অতএব, মেটে কথা শিয়ারা একটি বাতিল ফিরকা ও বিদয় তহস্ত বিদ্রান্ত দল। এরা আহলে স্থাহ ওয়াল জামায়াই এর অন্তর্ভুক্ত শয়।

৬৯. যাহেরি ইল্ম ও বাতেনি ইলম -এই নুই প্রকার ইল্ম আছে বলে প্রচার করা হয়। প্রকৃত ব্যাপার কি?

কুরআন হানিসে ইল্মের এধরণের কোনো জাগ নেই। তাছাড়া বাতেনি (গোপন) ইল্ম বলে কোনো ইল্ম ইসলামে নেই। ইসলামের সকল ইল্মই প্রকাশ্য এবং সুস্পষ্ট।

কুরআন হাদিসের বাইরে ইসলামের কোনো ইল্ম নেই।

গোপন (বাতেনি) ইল্ম নামে কোনো ইল্ম থাকার দাবি করা হলে তা অবশ্যি শায়তানি ইল্ম এবং শায়তানের অসওয়াসা

৭০. শরিয়ত, তরিকত এবং মারেকাত নামে বিভিন্ন ইল্ম ও তরিকা থাকার দাবি করা হয়। আসলে এগুলো কী?

এক ধরণের অজ্ঞ পীর সুঞ্জি ব্যক্তিরা ইসলামকে শরিয়ত, ভরিকত এবং মারেকাত নামে বিভিন্নভাগে ভাগ করে নিরেছে।

তারা শরিয়তকে যাহেরি (প্রকাশ্য) ইল্ম এবং ভরিকত ও মারেকাতকে বাতেনি (গোপন) ইল্ম হিসেবে প্রচার করে।

তরিকত ও মারেকাত নামে যে ভিনিসের প্রচার করা হয়, ভার সাথে ইসলামের কোনো সম্পর্ক নেই।

৭১. ইল্মে তাসাউফ কি? এটা কি কোনো জরুরি ইলম?

তাসাউফ মানে সুফীনের শাস্ত্র। কয়েক শতাব্দী পূর্বে সুফী দরবেশরা দুনিয়াদারি ত্যাগ করে নির্ভানতা অবলঘন করার পদ্ধতি অবলঘন করেন। এটাকে তারা আত্মপ্রদ্ধির পত্না হিসেবেই গ্রহণ করেন।

তাসাউফ শাস্ত্র এসেহে যুলত প্রাচীন গ্রীক দর্শন এবং ভারতীয় বেদান্ত দর্শন থেকে। নির্জন আধ্যাত্মিক সাধনা দর্শন হিদেবে এ শাস্ত্র গড়ে উঠে।

প্রথম প্রথম ভালো নিয়তেই কিছু লোক এ পদ্ধতি অবলম্বন করেন।

তবে এ পদ্ধতিটি সুস্পষ্ট বিদ্যাত প্রবর্তীতে এর মধ্যে তুকে পড়েছে শিরক।
মূলত রসূল সা. প্রদর্শিত পদ্ধতি ছাড়া ইসলামে আর কোনো পদ্ধতি নেই।
আল্লাহ পাক বলেন:

অর্থ: তোমাদের জন্যে আল্লাহর রস্কের মধ্যেই রয়েছে উত্তম আদর্শ (স্থা ৩৩ আহ্যাব: আয়াত.২১)

৭২. কিছু লোক প্রচার করে ইলামে রাজনীতি নেই- একথা কি ঠিক?

রাজনীতি মানে- রাজারনীতি, অথবা শ্রেষ্ঠনীতি, কিংবা রাষ্ট্র পরিচালনার নীতি 🐇

গেটা কুরআন হ'দিস রাজনৈতিক আলোডনা এবং দিক নির্দেশনায় ভরপুর।

ইসলামে রাজনীতি আছে কথা ৬৫ এতোটুকুই নয়, বরং নবীগণই রাজনীতি চালু করেছেন । মুহাম্মন রসূলুক্সাহ সা, ছিলেন রাজনীতির সর্বোত্তম মডেল :

কুরআন রাজনীতির গাইডবুক।

যারা বলে ইসলামে রাজনীতি নাই, -তারা হয় ইসলাম সম্পর্কে একেবারেই অজ্ঞ জাহিল, নতুবা ধর্মহীন সম্প্রদায়, অথবা ধর্মের নামে প্রতারক

যারা প্রভারিত ২চ্ছেন, তারা অস্তত একবার কুরআন পড়ে দেখুন এবং আল্লাহ্র রস্পুলের একটি বিশুদ্ধ জীবনী পড়ে দেখুন।

৭৩. অনেকেই নামায পড়ার সময় প্যান্ট- পায়জামা নিচের থেকে গুটিয়ে নের। এটা খুবই অসুন্দর নেখায়। এমনটি করা কি ঠিক?

এটা খুবই বেমানান কাজ। এটা আল্লাহর সাথে একটা বেমানবিও বটে :

রস্ল সা. পোশাক টাখনুর নিচে ঝুলাতে নিষেধ করেছেন। যারা আল্লাহর রস্লের নিষেধ সঙ্গুও টাখনুর নিচে প্যান্ট পায়জামা ঝুলায়, তারাই নামায়ে তা ওটিয়ে উপরে উঠায়।

ব্যাপারটা যেনো এরকম: আল্লাহ্র রসূল একটা অন্যায় আদেশ দিয়েছেন তাই এ আদেশ মানা যায়না!

- সমাজের লোকেরা খারাপ মনে করে তাই প্যান্ট পায়জামা লম্বা করে বানানো এবং পরা হয় বিষয়টা আল্লাহ টের পাননা! - বিদ্র মসজিদে গেলে আগ্লাহ দেখতে পান, তাই গুটানো হয়!

নাউবুবিল্লা২! যানের টাকনুর নিচে পোশাক পরার ব্যারাম আছে, তানের ভারটা ঐ রকমই সকলের জান থাকা প্রয়োজন, টাখনুর নিচে পোশাক পরার নিষেধজ্ঞা শুধু মসজিনের জন্যে নয়, বরং সমাজে চলা কেরার ক্ষেত্রেই অধিক প্রযোজ্য

নিম্নোক্ত বিষয়গুলোও ধ্যানধারণাগত ভ্রান্তি:

- ৭৪. ঈদে মিলানুনুবী পালন করা বিদ'আত।
- ৭৫. মহরমের তাজিয়া মর্সিয়া সম্পূর্ণ বিদ'আত।
- ৭৬. নিজের পিতা ছাড়া অন্য কাউকেও পিতা বলা ফাসেকি।
- ৭৭, মুখ ভাকা কন্যাকে বিয়ে করা যায় না- একথা মনে করা হাসেকি।
- ৭৮. যাদু টোনা বা বানটোনা করা কুফুরি।
- ৭৯. মেয়েদের মসজিদে যেতে নিষেধ করা সুন্নতের খেলাফ।
- ৮০. আল্লাহ ছাড়া অপর কারো নামে শপথ করা শিরকত্ল্য।
- ৮১. কোনো বিশেষ লেবাস বা পোশাককে সুন্নতি লেবাস বা পোশাক বলা বিদুআত। কারণ রসূল সা. কোনো সুন্নতি লেবাস চালু করে যাননি।
- ৮২. আল্লাহ আল্লাহ বা ইল্লাল্লাহ ইল্লাল্লাহ বলে ফিকর করা সুন্নতের খেলাফ।
- ৮৩. দল বেঁধে, নেচে নেচে কিংবা সরবে যিকির করা সুন্নতের খেলাপ।
- ৮৪. রস্ল সা. এর আদতকে (অভ্যাসকে) সুনুত মনে করা বিদখাত।
- ৮৫. অর্থহীন, ভুল অর্থ, কিংবা কদর্থের নাম রাখা সুন্নতের খেলাফ। সুন্দর অর্থের আরবি নাম রাখা উচিত।
- ৮৬. নিজে তাওবা না করে অপরের নিকট তাওবা পড়া বিদ'আত।
- ৮৭. রক্ত সম্পর্ক ছিল্ল করা কুফরি।

বিয়ে শাদী ও দাম্পত্য জীবনে ভ্ৰান্তি

৮৮. বিয়েতে গায়ে হলুদের জনুষ্ঠান করা হয়। বরের বাড়িতে বরকে এবং কনের বাড়িতে কনেকে গায়ে হলুদ দেয়া হয়। এ জনুষ্ঠানে ছেলে মেয়েরা একত্রে জড়ো হয় এবং আনন্দ উৎসব করে। -এটা কি বৈধ?

গায়ে হলুন জন্য কোনো ধর্মের ধর্মীয় জনুষ্ঠান না হলে, ওধু বিয়ের আনন্দ উৎসব হিসেবে তা নাজায়েয় হবার কোনো কারণ নেই।

এ ক্ষেত্রে ইসলামের দৃষ্টিতে অকাট্য নিবিদ্ধ হলো, কণের গারে হলুদ অনুষ্ঠানে ছেলেদের প্রবেশ করা বা অংশগ্রহণ করা এবং বরের গারে হলুদ অনুষ্ঠানে মেরেদের প্রবেশ করা বা অংশ গ্রহণ করা।

৮৯. অনেক বিয়েতে বিশাল অংকের মোহরানা ধার্য করা হয়, যা পরিশোধ করা হয়না। অনেক সময় তা পরিশোধ করা ছেলের সাধ্যাতীত থাকে। ধার্যের সময় বলা হয়: মোহরানা নেয়ইবা কে, নেয়ই বা কে? তবে বংশ মর্যাদা অনুযায়ী বড় অংকের মোহরানা ধার্য করতে হবে। -এটা কি বৈধ?

মোহরানা বিরের একটি গুরুত্বপূর্ণ শর্ত: মোহরানা পরিশোধ না করার নিয়তে বিয়ে করলে বিয়ে বৈধ হবেনা। সূতরাং ছেলের জন্যে যা পরিশোধ করা সম্ভব নয়, সেকরম মোহরানা ধার্য বৈধ নয়।

তবে সামর্থ ও উভয় পক্ষের মর্যানা অনুযায়ী মোহরানা বেশি পরিমাণ ধর্যে করাতে কোনো দোহ নেই

কিন্তু মোহরানা অবশ্যি পরিশোধ করতে হবে: কনের সন্মতি সাপেকে মোহরানার কিছু অংশ বাকীতে পরিশোধ করাও বৈধ

৯০. বিয়েতে উপহার বা যৌতুক হিসেবে ছেলের পক্ষ থেকে গয়না অলংকার, শাভ়ি ঘড়ি প্রদান করলে সেগুলোর নাম ধরে মোহরানা বাবদ উসুল লেখা হয়। -এতে কি মোহরানা আদায় হবে?

যৌতুক বা উপহার সামগ্রী হারা মোহরানা আদায় হবেনা। মোহরানা বিরে সম্পন্ন হবার অবধারিত শর্তসমূহের একটি। সূতরাং এটি বিয়ের একটি ফরয়।

অপরদিকে উপহার বা যৌতুক হচ্ছে ঐচ্ছিক সামগ্রী: শরিয়তে বা আইনে যৌতুক এবং উপহার আদান প্রদানের কোনো প্রকার বাধ্যবাধকতা নেই

তবে কনে যদি মোহরানা হিসেবে অলংকার বা শাড়ী দাবি করে, সেক্ষেত্রে তার দাবিকৃত পরিমাণের অলংকার বা শাড়ি দ্বারা তার মোহরানা উসুল হবে

কিন্তু কোনো অবস্থাতেই উপহার সামগ্রিকে মোহরানা হিসেবে উসুল দেখানো যাবেনা।

কনে যদি মোহরানার বিনিময়ে সেওলো গ্রহণ করে সেটা ভিন্ন কথা। সেক্ষেত্রে বলে নিভে হরে, বর পক্ষ উপহার প্রদান করে নাই।

মোহরানা সম্পর্কে জানার জন্যে দেখুন সূরা আন নিসা, আয়াত ২৪।

৯১. অনেক ক্ষেত্রে দেখা যায়, বিয়ের আগেই ছেলে ও মেয়ের সাথে সম্পর্ক গড়ে উঠে। তারা একত্রে চলা ফেরা করে। অতপর একসময় বিয়ে করে। -এটা কি বৈধ?

এটা সম্পূর্ণ অবৈধ এবং হারাম কোনো মেরের সাথে বিয়ের পূর্বে অবাধে মেলা মেশা করা, একত্রে ভ্রমণ করা, নির্জনে চলাফেরা করা ইসলামে অকাট্যভাবে নিষিদ্ধ।

ইসলামে ওধু বিয়ের জন্যে প্রভাবিত মেয়েকে দূরে থেকে কিংবা কাছে থেকে প্রচলিত উক্তম পস্থায় দেখে নিতে বলেন্তে এবং ওধু এটাকেই বৈধ করেছে

এ প্রসঙ্গে দুষ্টব্য : সূরা আন নূর, আয়াত ৩০-৩১

৯২. জনেক ক্ষেত্রেই দেখা যায় জানুষ্ঠানিকভাবে কনে দেখার জন্যে বর, বরের ভাইয়েরা, দুলা ভাইয়েরা, বন্ধু বান্ধব এবং অন্যান্য পুরুষ ও মহিলা জাত্মীয় স্বন্ধন এসে স্বাই মিলে কনে দেখে। -এটা কি বৈধ?

এটাও ইসলামে নিবিদ্ধ : পর্না বা হিজাবের নিয়ম ও সীমা লংঘণ করে বর ছাড়া অন্য কোনো পূরুষের পক্ষে কনে দেখা বৈধ নয় তবে-

- ১. বর নিয়ম মাফিক দেখতে পারবে,
- ২. তার মহিলা আজীয় স্কলন দেখতে পারবে
- এ প্রসঙ্গে বুষ্টব্য : সূরা আন নূর, আয়াত ৩০-৩১ :

৯৩. তালাক দেয়ার ক্ষেত্রে সাধারণত তিন তালাক দেয়া। অনেক সময় রাগের মাথায় এক সাথে তিন তালাক দেয়া দেয়া হয়। -এ ক্ষেত্রে শরিয়তের বিধান কী?

তিন তালাক দেয়া এবং একত্তে তিন তালাক দেয়া দুটোই সুনুতের খেলাক

মূলত চিত্তাভাবনা ছাড়া রাগের মাথায় স্ত্রী তালাক দেরা নিষেধ। একত্ত্রে বসবাস করার সব রকম চেষ্টার পরও যদি তা সম্ভব না হয় এবং তালাক যদি দিতেই হয়, তবে সুন্নত নিয়ম হলো:

- ১. তালাক দিবে মোট নুইটি (বৃষ্টব্য সূরা বাকারা : আয়াত ২২৯)।
- ২. স্ত্রীর পবিত্রাবস্থার সূচনায় প্রথম ভালাক দিয়ে ইন্দতকাল গণনা করতে থাকবে।
- ৩. পরবর্তী পবিপ্রাবস্থা পর্যন্ত ভাবতে থাকবে শ্রীকে রাখবে নাকি বিচ্ছেন ঘটাবে : রাখলে একত্রে বসবাস গুরু করবে :
- বিচ্ছেদ ঘটাতে চাইলে এসমর আরেকটি তালাক দেবে। এতেই বিবাহ
 বিচ্ছেদ ঘটে যাবে।
- ৫. কিন্তু ইন্দতকাল শেষ না হওয়া পর্যন্ত তাকে বের করে নেয়া যাবেনা

- ৫৪ মুসলিম সমাজে প্রচলিত ১০১ ভুল
- ৬, ইন্তকাল শেব ইবার পর তালাকপ্রাপ্তা তার তালাক নাতা স্বামীর ঘর থেকে বিনায় নেবে।
- এই দুইজন পুনরায় বিবাহ বন্ধনে অ'বদ্ধ হতে চাইলে যে কোনো সয়য় তা
 করতে পারতে। প্রীয় মধাবর্তী কোনো বিয়ের প্রয়াজন নেই

কিন্তু কেউ যদি তার স্ত্রীকে ভিনবার তালাক দেন, তবে তিনি আর তার এই স্ত্রীকে বিয়ে করতে পারবেন না :

একত্রে এবং রাগের মাথার তিন তালাক দিলেও তালাক হয়ে বাবে, বেমন বাগের মাথায় ওলি করলেও মানুহ মারা যায়। অবশ্য এ ক্ষেত্রে কেউ কেউ বিমত পোষণ করেছেন।

৯৪. হিল্লা বিয়ে কি? এটা কি বৈধ?

আমানের সমাজে প্রচলিত হিন্তা বিয়ে পুরোপুরি না জায়েয় এবং হারাম :

কুরআনের বিধান অনুযায়ী প্রীকে তিন ভালাক দিলে চিরভরে ভার সাথে সম্পর্ক ছিন্ন হয়ে যায়। এই প্রীকে সে আর পুনরায় বিয়ে করতে পারবেনা কয়েকটি শর্ত পূর্ণ না হলে। শর্তগুলো হলো:

- ১. এই তালাক্প্রাপ্তার অন্য কোথাও বিয়ে ২তে হবে,
- ২. সেই স্বামী মারা যাওয়ার মাধ্যমে তাকে বিধবা, কিংকা তার থেকে স্বাভাবিক প্রক্রিয়ায় তালাকপ্রাপ্তা হতে হবে
- ৩. স্বামীর মৃত্যু বা ভালাকের পর ইঞ্চতকাল পার হতে হবে।

কিন্তু লোকেরা রাগের মাথার চিত্তা ভাবনা ছাড়াই খ্রীকে তিন তালাক নিয়ে দের অতপর অনুশোচনা করে এবং পুনরায় তালাক দেয়া খ্রীকে পেতে চায়।

এমতাবস্থায় উপরোক্ত তিনটি শর্ত পূর্ণ করে তাকে পাওয়া কঠিন বা অসম্ভব বিধায় মানখানে ঐ মহিলার একটি কৃত্রিম বিয়ের ব্যবস্থা করা হয় এবং তালাক নেয়া হয়। এই বিয়ে এবং তালাক দুটোই সমঝোতা মূলক। -এটাই সমাজে প্রচলিত হিল্লা বিয়ে।

এটা অকাট্যভাবে নিষিদ্ধ এবং হারাম।

৯৫. মেরেরা সাধারণত বাপের বাড়ি থেকে ওয়ারিশি বা উত্তরাধিকার নিতে ্চায়না। তারা ভাবে, এতে ভাইয়েদের সাথে সম্পর্ক ছিন্ন হয়ে যাবে এবং বাপের বাড়ি যাওয়ার পথ বন্ধ হয়ে যাবে।

অপরদিকে পিতার মৃত্যুর পর ভাইরেরা নিজেদের মধ্যে পিতার সম্পত্তি ভাগবাটোয়ারা করে নেয়, বোনদের অংশ পৃথক করে দেয়না। অনেক সময়, মেয়েদের উত্তরাধিকার নেয়াকে অভন্র, অসামাজিক ও অসমানজনক মনে করা হয়। -এ ব্যাপারে শরিয়তের বিধান কি?

ওয়ারিশি বা উত্তরাধিকার আল্লাহর নির্ধারিত অংশ। স্বয়ং আল্লাহ পাকই কুরআন মজিদে মৃত ব্যক্তির পুত্র, কন্যা ও আত্মীয় স্বজনের কে কতোটুকু উত্তরাধিকার পাবে তা নির্ধারণ করে দিয়েছেন। দেখুন সূরা আন নিসা। আয়াত ৭,১১ ও ১২

অতপর একই স্রার ১৩ নহর আয়াতে যারা আক্সাহর এই কটন অনুযায়ী উত্তরাধিকার বউন করে নেবে তালেরকে জান্নাতের সুসংবাদ দেয়া হরেছে :

আর যারা আল্লাহর নির্ধায়িত বস্টন অনুযায়ী ওয়ারিশি বস্টন করে নেবেনা ১৪ নম্বর আয়াতে তালেরকে চিরস্থায়ী জাহান্নামের আগুনে নিক্ষেপের এবং অপমানকর শাস্তি প্রদানের ঘোষণা দেয়া হয়েছে।

যারা বোনদেরকে পিতা মাতার ওয়ারিশি থেকে বঞ্চিত করে এবং তাদের অংশ বের করে না দিয়ে নিজেরা ভাগ বাটোয়ারা করে নিয়ে নের, তাদেরকে আল্লাহ চিরস্থারী জাহানুমৌ বলে ঘোষণা নিয়েছেন।

অপরদিকে কোনো মহিলাও যদি পিতা মাতার মৃত্যুর পর তাদের রেখে যাওয়া সম্পদ সম্পত্তি থেকে ওয়ারিশি না নিতে চান, তিনিও আল্লাহ্র আইন অমান্যকারী হিসেবে পাপী হবেন।

বোন অন্মাহ্র আইন অনুযায়ী ওয়ারিশি ভাগ করে নিলে ভাইদের সাথে সম্পর্ক ছিন্ন হবে কেন? তাদের সাথে তো বোনের রক্তের সম্পর্ক, ওয়ারিশির সম্পর্ক নয়! রভের সম্পর্ক ছিনুকারী ব্যক্তি জাহান্নামী।

ওয়ারিশি নিলে যদি বোনের সাথে রক্ত সম্পর্ক ছিন্ন হয়ে যার, তা হলে তো ওয়ারিশ নেরার কারণে ভাইরে ভাইরেও সম্পর্ক ছিন্ন হয়ে যাওয়ার কথা।

আসলে এগুলো সবই মনগড়া প্রথা বানিয়ে নেরা হয়েছে।

তবে ছেলে বা মেয়ে যে কেউ নিজের অংশ দেশের প্রচলিত আইন অনুযায়ী অন্য কাউকে নান করতে পারবে। এ ক্ষেত্রে নিবন্ধন করতে হবে এবং সাক্ষী রাখতে হবে।

ওয়ারিশি নেয়া মেয়েদের জন্যে অসমানের নয়, বরং সম্মান ও মর্যাদার বিষয়। কারণ, জাল্লাহ্র আইন পালনকারী মহিলারা মর্যাদাবানই হয়ে থাকে। আর যারা আধ্রাহ্র আইন পালন করেনা, তারাই নিকৃষ্ট।

৯৬. আমাদের সমাজে প্রচলিত আছে, স্বামী মারা গেলে স্ত্রী আর স্বামীর মুখ দেখেনা এবং স্ত্রী মারা গেলে স্বামী আর স্ত্রীর মুখ দেখেনা, মনে করা হয় তাদের সম্পর্ক ছিন্ন হয়ে গেছে।

এটা একটা বিরাট ভুল, অভ্যতা এবং ভ্রান্ত প্রথা।

স্বামীর মুখ দেখার সবচেয়ে বেশি হকদার স্ত্রী এবং স্ত্রীর মুখ দেখার সবচাইতে বেশি হকদার স্বামী।

মৃত্যু হারা স্বামী দ্রীর সম্পর্ক ছিন্ন হয়ন। জান্নাতেও এই সম্পর্ক অটুট থাকবে। মুমিন স্বামী দ্রী জান্নাতে স্বামী দ্রী হিসেবেই থাকবে (দেখুন আৰু কুরআন, সূরা রা'ন: আয়াত ২৩)

সমাজের এই প্রথা এক জন্মনা নিষ্ঠার প্রথা ভান্ত প্রথা ভেঙ্গে সুরমার করে দিন

৯৭. স্বামী মারা গেলে ব্রী এবং স্ত্রী মারা গেলে স্বামী কি মাইয়্যেতকে গোসল করাতে পারে? উল্লেখ্য আমানের সমাজে একাজকে ঠিক মনে করা হয়না। অন্য লোক দিয়ে গোসল করানো হয়।

এটা ভূল ধারণা

রস্লুক্সাহ সা.-এর মৃত্যু হলে তাঁর স্ত্রীগণই তাঁকে গোসল করিয়েছেন। আবু বকর রা.-কেও তাঁর অসিয়ত অনুযায়ী তাঁর স্ত্রীই গোসল করিয়েছেন।

সুতরাং উন্মতের জন্যেও এটাই উত্তম এটা ঠিক মনে না করা অন্যায়। স্ত্রী মারা গেলে স্বামী গোসল করাবে কিনা? -এর জবাব হলো, স্বামীর গোসল করানোর ক্ষেত্রে হাদিসে নিষেধাজ্ঞা নেই।

তবে কোনো মহিলাও গোসল করাতে পারে :

আমানের মতে, অন্য লোক নিয়ে গোসল করানোর চাইতে দ্রী বা স্বামী গোসল করানোই উত্তম।

৯৮. জামাদের সমাজে ব্রী স্থামীকে নাম ধরে ভাকেনা। ইসলামে কি স্থামীকে নাম ধরে ডাকা নিষেধ?

না, ইসলামে স্বামীর নাম ধরে ভাকা নিষেধ নয়। স্বামীর নাম ধরে না ভাকাটা একটা সামাজিক কুপ্রথা।

হানিসে পাওয়া যায়, মহিলা সাহাবীগণ তানের স্বামীর নাম নিতেন, নাম ধরে ডাকতেন।

সমাজিক প্রথা পালন করতে গিয়ে আমাদের দেশে মহিলারা অনেক আজগুরি আচরণ করে। আমি শুনেছি, এক মহিলার স্বামীর নাম ছিলো 'আকবর' ছেলের নাম ছিলো 'বানল'। ঐ মহিলা সালাতে বারবার '<u>আল্লান্থ আকবর' বলার</u> পরিবর্তে বলতো 'আল্লান্থ বাদলের বাপু।' আরেক মহিলার স্বামীর নাম ছিলো 'রহমতুত্বাহ' এই মহিলা কাউকে সালাম দেয়ার সময় বলতো : আসসালামু আলাইকুম ঝোকার বাপ সালাভ শেষে সালাম কেরানোর সময়ও একই কথা বলতো .

সুতবাং ভিত্তিহীন রসম রেওয়াজ পরিত্যাগ করুন

১৯৯. বাড়িতে খাবার রান্না বান্না করার পর মহিলারা নিজেরা না খেয়ে পুরুষদের এন্যে অপেক্ষা করতে থাকে। সমাজে প্রচলন আছে পুরুষদের আগে মহিলাদের খাওয়া নিষেধ। এটা কি ঠিক?

এটা ভ্রান্ত ধারণা। মহিলাদের এধরণের ভ্রান্ত প্রথা পালন করা উচিত নয়। ভ্রান্ত প্রথা ভাঙ্গা উচিত।

তবে কোনো মহিলা একত্রে খাওয়ার উদ্দেশ্যে নিজের স্বামীর জন্যে অপেক্ষা করাতে দোষ নেই।

সালাত সংক্ৰান্ত ভ্ৰান্তি

সালাত (নামার) আদারের ক্ষেত্রে আমাদের সমাজে অনেক ভুল ধারণা ও ভুল পদ্ধতি চালু আছে। এসব ভুলের অধিকাংশই করা হয় অজ্ঞতার কারণে। আর কিছু ভুল করা হয় মাযহাবের দোহাই নিয়ে।

এখানে আমরা কয়েকটি বড় বড় ভুল তুলে ধরছি:

১০০, নিয়্যত পাঠ করা: আমানের দেশে নামাযের ওরুতে ব্যাপকভাবে "র্নাওয়াইতু আন উসাল্লিয়া….." বলে নিয়্যত পাঠ করা হয়। -এটা কি ঠিক?

এই নিয়াত পাঠ করতে গিয়ে অনেক লোক জামাতের নামাযে রুকু মিস্ করে। নামায পড়ে কিনা জিল্ঞাসা করলে অনেক যুবক বলে: 'নিয়াত জানিনা, তাই

নামায় পড়িনা।' নামায়ে নিয়াত পাঠ করার কোনো নিয়ম নেই : রসুল সা, নামায়ে নিয়াত পাঠ

নামাধে নিয়্যত পাঠ করার কোনো নিয়ম নেই : রসূল সা. নামাধে নিয়্যত পাঠ করেন নাই : সাহাবীগণও কবেন নাই : অতীতে কোনো আলেম উলামা করেন নাই : আমানের দেশে ব্রেহেশতি জেওর এবং মকসনল মুমিনীন্ ধরণের বইতে মনগড়া নামাধ্যের নিয়্যত লিখে দেয়া হয়েছে।

কোনো হাদিসে এ ধরণের কোনো নিয়াতের উল্লেখ নাই। নামায়ে নিয়াত পাঠ করা একটা বড় বিদ্যাত।

নিয়াত মানে- সংকল্প, উদ্দেশ্য, ইচ্ছা, এরাদা: নামায পড়ার সংকল্প করার কারণেই একজন মুমিন কর্ম ব্যস্ততা ত্যাগ করে নামাযের দিকে ছুটে আসে।

সংকল্প করার কারণেই একজন মুমিন মসজিদের দিকে পা বাড়ার। সংকল্প করার কারণেই একজন মুমিন দুম ত্যাগ করে নামাযের প্রস্তুতি নেয়

সূতরাং একজন মুমিন যখন যে নামায় পড়ার উদ্দেশ্যে ছুম ত্যাগ করে, কর্ম ব্যস্ততা ত্যাগ করে, পবিত্র হয়, অযু করে, যুটাছুটি করে, নামাযের দিকে দৌড়ায়, মসজিদে আসে, নামায়ে গাঁড়ায় তখন সেটাই তার সেই নামায়ের নিয়্যত।

নামাধের উদ্দেশ্যে 'নাঁড়িয়ে তাকবীরে তাহরিমা' অর্থাৎ 'আল্লাছ আকবার' বলে নামায ওক্ত করবে: নিয়্যতের জন্যে মুখে কিছুই বলতে হবেনা।

এটাই আল্লাহ্র রস্লের সুনত।

১০১. মোজা পরা থাকলেও জনেকেই নামাযের সময় হলে ভীষণ কট করে পুনরায় মোজা খুলে পা ধুইয়ে অযু করে। মোজার উপর মাসেহ করেনা। তারা বলে: মাসেহ করার জন্যে চামড়ার মোজা প্রয়োজন। -এ ব্যাপারে সুনুত নিয়ম কি? মোজা খোলে পা ধোয়ার মধ্যে কি বেশি সওয়াব আছে?

অহুর সময় রসূলুল্লাহ্ সা.-এর পায়ে মোজা পরা থাকলে তিনি মোজা খুলতেননা। মোজা এবং জুতার উপর মাসেহ্ করে নিতেন। এটাই ছিলো তাঁর সুন্নও।

মোজা কিসের তৈরি হতে হবে- সে ধরণের কোনো নির্দেশ তিনি দিয়ে যাননি। প্রচলিত নিয়মে মানুষ যেটাকে যোজা বলে মনে করে, সেটাই মোজা

সুতরাং যে কোনো পবিত্র জিনিসের তৈরি মোজা পরা থাকলে তার উপরই মাসেহ করা যাবে।

মোজার উপর মাসেহ করা সুত্রভ কষ্ট করে মোজা বুলে পা ধোয়া এবং পুনরায় পা ওকিয়ে মোজা পরা সুত্রভের খেলাফ।

আরো বিস্তারিত জানার জান্যে পড়ুন আল্লামা হাকিষ ইবনুণ কাইয়িয়ের "আল্লাহ্র রস্ল কিভাবে নামায় পড়তেনং" বইটি।

১০২. ব্রুয় নামায়ে সালামের পর মুক্তাদিদের নিয়ে মুনাজাত করা কি সুনুত?

সালাম ফিরানোর পর কিবলার দিকে ফিরে, কিংবা মুজাদিদের দিকে ফিরে হাত উঠিরে লোরা বা মুনাজাত করার যে প্রথা চালু হয়েছে, তার কোনো প্রমাণ রসূলুলাহ সা. থেকে পাওয়া যায়না। সহীহ বা হাসান কোনো সূত্রেই পাওয়া যায়না। আবার অনেকেই থাস করে কজর এবং আসর নামাযের পর মুজাদিদের দিকে কিরে এরপ মুনাজাত ফরার রীতি চালু করেছেন। কিন্তু এটাও রসূল সা. কিংবা খুলাফারে রাশেনীনের কোনো একজন থেকেও প্রমাণিত নয়। এমনটি করার কোনো নির্দেশ বা ইংগিতও তিনি উন্মতকে প্রদান করেনেনি।

যার। সালামের পর কিবলার নিকে ফিবে কিংবা ফজর ও আসরের পরে মুজাদিনের নিকে ফিরে মুনাজাত করার প্রথা চালু করেছেন, এটা তারা সুনুতের বিকল্প হিসেবে চালু করেছেন। এটাকে তারা ভালো কাজ মনে করেন। সুনুতের পরিবর্তে এমনটি করা ভালো কাজ ফিনা তা আল্রাহই ভালো জানেন।

হাদিসে নামায় সংক্রেন্ত যতো দোয়ার কথা উল্লেখ হয়েছে, সবই রস্পুলাহ সা. নামায়ের ভিতর করেছেন এবং নামায়ের ভিতরে করার জন্যেই নির্দেশ দিয়েছেন

বাংলাদেশ ও আশে পাশের অঞ্চলের লোকেরা নামাযের সাথে একাজকে একাকার করে ফেলেছে। অক্ত লোকেরা নামাযের পর হাত উঠিয়ে মুনাজাত করাকে নামাযের অংগ বা নামাযের সাথে যুক্ত মনে করে। অথচ রসূল সা. এবং সাহাবারে কিরাম এমনটি করেনিন। নামাযের ইমামগণ এমনটি করাকে বাধ্যভামূলক করে নিয়েছেন। অনেক ইমাম এমনটি করেন মুক্তাদিনের মন রক্ষার্থে, না করলে ইমামতি রক্ষা করা যায়না বলে। আসলে যে কাজটি আলৌ সুনুত নর, এমন একটি কাজকে সুনুত বানিয়ে নেয়া, এমনকি কর্মের মতো অনিবার্থ করে নেয়াটা কি যুক্তিসংগত হতে পারেং

আমর বলবো, কোনো ইমাম খদি কখনো মুসল্লিগণকে নিয়ে হাত উঠিয়ে মুনাজাত করেন, তবে তা নাজায়েয় নয়। কিন্তু এটাকে নিয়মে পরিণত করা এবং প্রত্যেক নামায়ে অপরিহার্য ও অবধারিত করে নেয়া সুন্নতে রস্লের পরিপত্তী। অতপর মুসল্লিদের বিরাগভাজন হবার ভয়ে একাজ ঠিক নয় জেনেও ছাতৃতে না পারা নিজেদের মনগড়া রীতিকে শরিয়তের বিধানে পরিণত করার নামান্তর নয়কি?

১০৩. রফে ইয়াদাইন করাকে আহলে হাদিসের নিয়ম বলা হয়। এটা কি ঠিক? নামায়ে রকে ইয়াদাইন করাকে আহলে হাদিসের নিয়ম বলাটা একটা মারাত্যক ভুল। এটা রসূলুল্লাহ সা,-এর সুপ্রমানিত সুনুত।

রসূল সা. নামাথে তিন অথবা চার স্থানে রক্তে ইরাদাইন করতেন। স্থানগুলো। হলো:

- ১. তাকবীরে তাহরিমার সময়।
- ২. রুকুতে যাবার সময়।
- ৩. রুকু থেকে সোজা হয়ে দাঁভাবার সময়।
- ৪, প্রথম তাশাহ্ছদ শেবে দাঁড়াবার কালে:

প্রথম তিনটি রকে ইয়াদাইনের কথা ধর্ণনা করেছেন কমপক্ষে ত্রিশ্জন সাহাবী তাঁরা রস্বুক্তাহ সা. সা.-এর নামধের নিয়ম বর্ণনা করতে গিয়ে তিন জায়গায় রকে ইয়াদাইনের কথা উলেখ করেছেন। এনের মধ্যে কয়েকজন সাহাবী চতুর্থ

রকে ইয়াদাইনের কথাও উল্লেখ করেছেন এ সংক্রোন্ত সবগুলো হাদিসই সহীহ সূত্রে বর্ণিত।

পুতরাং রকে ইয়ালাইন করা কোনো বিশেষ ময়হার বা আহলে হালিসের রীতি নর, স্বরং আক্লাহর রসূলের সুস্পাষ্ট সুনুত

কেবল হানাফি ময়হাবে একটি মাত্র স্থানে (ভাকবীরে ভাহরীয়ার সময়) রক্তে ইারানাইন করা হয় বাকী সকলেই হাসিসে বর্ণিত তিন বা চার স্থানে রকে ইয়ানাইন করেন।

ইবনে মাস্ট্রন রা.-এর একটি মাত্র বর্ণনার ফলে হানাফী মযহাব ভুধু এক জায়গায় রফে ইয়ালাইন করে অথচ ইবনে মাস্ট্রন রা. বিশেষ কারণে শেষ লিকে একাধিক রফে ইয়ালাইন ত্যাগ করেছিলেন . এ প্রসঙ্গে আল্লামা ইবনুল কাইয়্যিম তাঁর যাদুল মা'আদ এন্থে বলেন:

ইবনে মাসউদ রা.-এর রকে ইরাদাইন ত্যাগ করাটা এ জন্যে ছিলোনা যে, তিনি তা রসূলুত্মাহ সা. থেকে জানতে পেরেছেন। তিনি আসলে রকে ইরাদাইনের সাথে বিরোধও করেননি এবং তার পরিগন্থি কাজও করেননি। ব্যাপারটা হলো, সেকালে আমীর-উমারারা দেরি করে নামাথে আসতেন। ফলে তিনি আ্বান-ইকামত ছাজা ঘরেই নামাথ পড়তেন। এসময় তাঁর দুপাশে দু'জন মুজানি দাঁজাতো। তিনি ইমাম হিসেবে সামনে না দাঁজিয়ে তানের সমান্তরালে তানের মারখানে দাঁজাতেন। এতে করে রকে ইরাদাইন করতে জসুবিধা হতো বলে তিনি তা করতেন না। (নুষ্টব্য, গ্রন্থ: আল্লাহ্র রসূল কিভাবে নামাথ পড়তেন?)

১০৪. আমাদের দেশে পুরুষ এবং মহিলারা কিছুটা ভিন্ন ভিন্ন পদ্ধতিতে নামায পড়ে। পুরুষ এবং মহিলাদের নামায় পদ্ধতিতে পার্ষক্য করা কি বৈধ?

রস্তুল্লাই সা. মহিলাদের জন্যে নামাযের আলাদা কোনো পদ্ধতি দিয়ে যাননি। পুরুষ ও মহিলাদের নামায় পড়ার পদ্ধতি একই। পার্থক্য করা সুনুতের খেলাফ।

হাদিস থেকে জানা যায়, রসূল সা. মহিলাদের নামাযের ব্যাপারে করেকটি বিশেষ কথা বলে গেছেন। তাহলোঃ

- ১. তোমরা আল্লাহ্র দাসীদের (মহিলাদের) মসজিদে যেতে নিষেধ করোনা
- ২. মহিলাদের ঘরে নামায পড়া উত্তম।

- জামাতের নামাযে ইমাম ভুল করলে মহিলারা আল্লান্থ আকবার বা সুবহানাল্লাহ না বলে এক হাতের তালু বারা আরেক হাতের তালুতে থাপ্পড় দিয়ে আওয়াজ করবে।
- ইমামের ভাষণ তনার জন্যে মহিলাদের জুমা এবং ঈদের জামাতে উপস্থিত হওয়া উত্তম।
- মহিলারা মসজিদে যেতে সুগন্ধি ব্যবহার করে যাবেনা।
- এ বিষয়গুলো ছাড়া নামায পড়ার পদ্ধতিতে কোনো পার্থক্য নেই।

১০৫. জামাত শুরু হলে সুনুত পড়া

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রসূলুক্সাহ সা. বলেছেন: যখন জামাতের জন্যে ইকামত বলা হবে (অর্থাৎ যখন ফর্য নামাযের জামাত আরম্ভ হবে), তখন ঐ (ফর্য) নামাযটি হাড়া আর কোনো নামায় নেই।" (সহীহ মুসলিম)

এই হাদিসের 'আর কোনো নামায নেই'- কথাটির অর্থ হলো, ফরয নামাযের জামাত দাঁড়িয়ে গেলে আর অন্য কোনো নামায পড়া যাবেনা।

এই হাদিসের ভিত্তিতে ইমাম শাকেয়ী রহ, বলেছেন: ফরথ নামাযের জামাত দাঁভ়িয়ে গেলে সুনুত নামায ত্যাগ করতে হবে এবং জামাতে শামিল হয়ে যেতে হবে ।

ইমাম আবু হানিফা রহু, বলেছেন: ফজরের জামাত এক রাকাত পাবার সম্ভাবনা থাকলেও সুনুত পড়ে নেরা যাবে। তবে সুনুত পড়ার জন্যে সফের (কাতারের) নিকট থেকে দূরে দাঁড়াতে হবে। তাঁর মতে সফের নিকট দাঁড়ানো মাকরহ।

হাদিস বিশেষজ্ঞদের মতে, উক্ত হাদিস অনুযায়ী জামাত দাঁড়িয়ে যাবার পর সুত্রত নামায পড়ার কোনো অবকাশ দেখা যায়না। কারণ-

- এমনটি করার অনুমতি রস্পুল্লাহ সা. দেননি।
- সাহাবায়ে কিরাম থেকে এমনটি করার ন্যীর নেই।
- ফজরের সুনুতের গুরুত্ অন্যান্য সুনুত নামাযের তুলনায় বেশি হলেও সেটা সুনুতই, ফরয নয়।
- মুয়াজ্জিনের ইকামত দেয়ার অর্থই হলো, ইমামের পক্ষ থেকে জামাতে
 শরীক হওয়ার আহবান জানানো। আর (ফরয নামাযের জন্যে) ইমামের
 আহবানে সাড়া দেয়া তো ওয়াজিব।

সূতরাং এ হাদিসটির স্পষ্ট অর্থ এবং যুক্তি অনুযায়ী জামাত শুরু হয়ে গেলে সূত্রত পড়ার অবকাশ থাকেনা।

১০৬. আমাদের দেশে নামায কসর করার জন্যে সফরের দূরত্ব নিয়ে ঝগড়া করা হয়। কতো দূরের সফরে নামায কসর করা যাবে?

রস্পুল্লাহ সা. সফরের দূরত্বের কোনো সীমা রেখা নির্ধারণ করে দেননি। সাহাবীগণও কোনো সীমা রেখার কথা বলেননি। কতোটা দূরের সফর হলে নামায কসর করা যাবে, দুই নামায একত্র করা যাবে, (ফর্য) রোযা স্থগিত করা যাবে- এসবের কিছুই রসূল সা. উল্লেখ করেননি। রসূল সা. এবং তার সাহাবীগণ সাধারণভাবে সফর শব্দ ব্যবহার করেছেন।

কেউ কেউ মঞ্চা ও জিন্দার ব্যবধান এবং মঞ্চা ও তারেফের ব্যবধানকে (অর্থাৎ
৪৮ মাইলকে) সফরের নূন্যতম স্ট্যাভার্ড ধরেছেন। কিন্তু রসূল সা. এবং
সাহাবীগণ এমন কিছু নির্ধারণ করে দেননি। তাঁরা সফর কথাটি বলেছেন।
সূতরাং যে দূরত্কে সাধারণভাবে সফর বলা হয়, সেটাই সফর। মাইল নির্ধারণ
করা আমাদের দায়িতু নয়।

তাই 'সফর' বলা হয় এমন ছোট বড় সব সফরেই কসর করা, দুই নামায একত্র করা, রোযা স্থগিত করা, তাইয়ামুম ইত্যাদি বৈধ।

১০৭. আমাদের দেশে সফরে দুই নামায একত্রে পড়া নিয়ে ঝগড়া হয়। হানাফীরা বলে আরাফা ছাড়া আর কোথাও দুই নামায একত্রে পড়া যাবেনা। অথচ হাদিসে এর বিপরীত দেখা যায়।

রসূলুল্লাহ সা. বিদায় আরাফা ছাড়াও তবুক এবং অন্যান্য সফরে দুই নামায একত্রে পড়েছেন। এ বিষয়ে অনেকগুলো হাদিস বর্ণিত হয়েছে।

রস্লুল্লাহ সা,-এর রীতি ছিলো, তিনি যদি সূর্য হেলার আগে সফরে বেরোতেন, তাহলে যুহর নামাযকে আসরের ওয়াজ পর্যন্ত বিলম্বিত করতেন। অতপর আসরের সময় যুহর ও আসর একত্রে পড়তেন। যদি সূর্য হেলার পর সফরে রওয়ানা করতেন, তাহলে যুহরের সময় যুহর ও আসর একত্রে পড়ে রওয়ানা করতেন।

যদি মাগরিবের সময় তাড়াহুড়া করে যাত্রা ওরু করতেন, তাহলে মাগরিবের নামাযকে বিলম্বিত করে ইশার সময় মাগরিব ও ইশা একত্রে পড়তেন।

রস্লুল্লাহ সা.-এর তবুক সফর সম্পর্কে বর্ণিত হাদিস থেকে এর প্রমাণ পাওয়া যায়। তাতে বলা হয়েছে: তবুক সফরে কোনো মনবিল থেকে রওয়ানা করার প্রাক্তালে রসূল সা. যদি সূর্য হেলার পরে রওয়ানা করতেন, তবে যুহরের সময় যুহর ও আসর একত্রে পড়ে রওয়ানা করতেন। যদি সূর্য হেলার পূর্বে যাত্রা করতেন, তবে যুহরকে বিলম্বিত করে আসরের সময় যুহর ও আসর একত্রে পড়তেন। মাগরিব এবং ইশার ক্ষেত্রেও অনুরূপ করতেন। সহীহ বুখারিতে ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ রসূলুল্লাহ সা. সফরে থাকাকালে যুহর ও আসর নামায একত্রে পড়তেন এবং মাগরিব আর ইশাও একত্রে পড়তেন।

বুখারিতে আনাস রা, থেকে বর্ণিত হয়েছে: রসূল সা, সফরে মাগরিব ও ইশা একরে পড়তেন। বুখারিতে আনাস রা, থেকে বর্ণিত হয়েছে: রসূল সা, সূর্য হেলার পূর্বে যাত্রা করলে যুহরকে আসর পর্যন্ত বিলম্বিত করতেন এবং আসরের সময় যুহর ও আসর একত্রে পড়তেন।

১০৮. বেশি সওয়াবের আশায় কোনো বিশেষ মসজিদে নামায পড়ার উদ্দেশ্যে সফর করা বৈধ কি?

লোকেরা এমনটি করে থাকে। কিন্তু এ কাজ বৈধ নয়। উপরের প্রশ্নটির জবাবে যে হাদিসটি উল্লেখ করা হয়েছে, সেটিই এর প্রমাণ।

মূলত ঐ তিনটি মসজিদ ছাড়া আর কোনো মসজিদের কোনো বিশেষত্ নেই। নিম্নোক্ত বিষয়গুলোও সালাত সংক্রান্ত ভ্রান্তি:

- ১০৯. ঘরে না পড়ে সব সুনুত নামায মসজিদে পড়া।
- ১১০. ইচ্ছাকৃত পুরুষদের ফর্য নামাযের জামাত ত্যাগ করা।
- ধারণা অনুমানের ভিত্তিতে নামায হলো কিনা- চিন্তা করে সন্দেহে পড়ে থাকা।
- ১১২. মুসল্লিদের অবস্থা বিবেচনা না করে ইমামের কিরাত ছোট বা বড় করা।
- ১১৩. নামাযের বিভিন্ন স্থানে রসূল সা.-এর শিখানো দোয়া না করা।
- ১১৪. নামাযে তাড়াহড়া করা।
- ১১৫. লোক দেখানোর জন্যে নামায পড়া।
- ১১৬. নামায পড়তে আলসেমি করা।
- ১১৭. নামাযের চাইতে দুনিয়াবি কাজকে প্রাধান্য দেয়া।

প্রচলিত অন্যান্য ভ্রান্তি সমূহ

১১৮. কুরআনে ব্যবহৃত আরবি পরিভাষা পরিবর্তন করে আমাদের দেশে আল্লাহকে খোদা, সালাতকে নামায, সিয়ামকে রোযা বলা হয়। এরকম আরো অনেক পরিভাষাকে পরিবর্তন করা হয়েছে। -এগুলো কি গ্রহণযোগ্য?

পরিবর্তিত পরিভাষাগুলো ফারসি। আমাদের দেশে ইসলাম এসেছে ফারসিভাষী ইরানী ও আফগানদের মাধ্যমে। ফারসিভাষী মুসলিমরা এই উপমহাদেশ শাসন

করেছে কয়েক শতাব্দী। ফলে তাদের ভাষা এবং পরিভাষা আমাদের দেশে ব্যাপক চালু হয়ে গেছে। ফারসি ভাষার বিশাল শব্দ সম্ভার বাংলা শব্দভাভারে মিশে গিয়ে বাংলা ভাষাকে সমৃদ্ধ করেছে।

মূলত আল্লাহকে খোদা, সালাতকে নামায, সিয়ামকে রোযা বানানো হয়েছে ইরানে, আফগানিস্তানে। এদেশে তাদের আগমন এবং দীর্ঘ শাসন, দীন প্রচার ও শিক্ষা প্রসারের ফলেই তাদের ভাষার শব্দ ভাভার আমাদের ভাষায় মিশে গেছে।

ইসলামি পরিভাষাগুলোর অনুবাদ করা একটা ভুল এবং মারাত্মক ভুল। কারণ, শব্দানুবাদে পরিভাষার সঠিক অর্থ ও তাৎপর্য প্রকাশ পায়না।

সুতরাং যেসব পরিভাষা কুরআনে এবং হাদিসে ব্যবহৃত হয়েছে, সেগুলোকে কুরআন এবং হাদিসের ভাষায় হুবহু সংরক্ষণ করা মুসলিম উন্মাহর কর্তব্য।

কুরআন হাদিসে ব্যবহৃত পরিভাষাগুলো হুবহু কুরআন হাদিসের ভাষায় (অর্থাৎ আরবি ভাষায়) সংরক্ষণ করা, ব্যবহার করা এবং চালু রাখা সারা বিশ্বের সকল ভাষার মুসলিম জনগণের অবশ্য কর্তব্য।

কারণ পরিভাষা হারিয়ে গের্লে কিংবা পরিভাষার অনুবাদ চালু করা হলে ইসলামের মূল ভাব, স্পীরিট, কালচার এবং ঐতিহ্য বিনষ্ট হতে বাধ্য।

তাই, বিশ্বের সকল ভাষাভাষী মুসলিমদের উচিত অনুবাদ ব্যবহার না করে আল্লাহকে আল্লাহ, সালাতকে সালাত, সিয়ামকে সিয়াম, যাকাতকে যাকাত, হজ্জকে হজ্জ, আযানকে আযান, মসজিদকে মসজিদ, কা'বাকে কা'বা, কিবলাকে কিবলা, ইবাদতকে ইবাদত, দীনকে (ধর্ম নয়) দীন, ঈমানকে (বিশ্বাস নয়) ঈমান, ইসলামকে ইসলাম, তাকওয়াকে তাকওয়া, ইহসানকে ইহসান, কুরআনকে কুরআন, সুন্নাহ্কে সুন্নাহ, হাদিসকে হাদিস বলা।

আরো কয়টি নিষিদ্ধ বিষিয় হলো:

- ১১৯. মুসলিম সমাজে অশ্লীলতা ছড়ানো এবং প্রসার করা ফাসেকি।
- ১২০. ময়লা এবং অসুন্দর পোশাক পরা সুন্নতের খেলাফ।
- ১২১. সুদী কারবারে এবং সুদী চাকুরিতে জড়িত হওয়া বড় গুণাহ!
- ১২২. প্রতারণামূলক ব্যবসা করা হারাম।
- ১২৩. নারী কর্তৃক পুরুষের পোশাক পরা এবং পুরুষ কর্তৃক নারীর পোশাক পরা হারাম।